দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি

• • • • • • • • • • • • • • • • • •

কেমন করে আল্লাহ এমন জাতিকে হেদায়েত দান করবেন, যারা ঈমান আনার পর এবং রসূলকে সত্য বলে স্যা দেয়ার পর এবং তাদের নিকট প্রমাণ এসে যাওয়ার পর কাফের হয়েছে।

সূরা আল ইমরান- ৮৬

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

বরিশাল ॥ বুধবার ॥ ২১ অক্টোবর ২০২৬ ॥ ০৯ জমাদিউল উলা ১৪৪৮ ॥ ০৫ কার্তিক ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১৩৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

ভোট দেওয়া-না দেওয়া সবার সরকার হতে চাই: প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

নির্বাচনে ভোট দেওয়া বা না দেওয়ার পার্থক্য না করে সব নাগরিকের জন্য কাজ করার অঙ্গীকার করেছেন প্রধানমন্ত্রী

২ এর পাতায় দেখুন

মাদকবিরোধী অভিযানে ইশরাকের হাতে অস্ত্র না থাকলে ভালো হতো: শফিকুর রহমান

কীর্তনখোলা ডেস্ক

সশস্ত্র অবস্থায় মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেনের মাদকবিরোধী অভিযানে অংশগ্রহণকে নেতিবাচক বলার সুযোগ

২ এর পাতায় দেখুন

‘গণপিটুনি-রাজনৈতিক সহিংসতায় মৃত্যুর সংখ্যা সরকারের ব্যর্থতা প্রমাণ করে’

কীর্তনখোলা ডেস্ক

গণপিটুনি ও রাজনৈতিক সহিংসতায় বিপুলসংখ্যক মানুষের মৃত্যু আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সরকারের ব্যর্থতার প্রমাণ

২ এর পাতায় দেখুন

ডেঙ্গুতে আরও ৫ জনের মৃত্যু হাসপাতালে ৩৬৬

কীর্তনখোলা ডেস্ক

দেশে নতুন করে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৫ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন

২ এর পাতায় দেখুন

আয়ের চেয়ে ব্যয় বেশি, ঋণের ফাঁদে দেশের প্রায় অর্ধেক পরিবার

কীর্তনখোলা ডেস্ক

দেশের মানুষের গড় আয়ের চেয়ে ব্যয় বেশি। এতে ঋণ নিয়ে সংসার পরিচালনা করছে বহু পরিবার। দেশের ঋণগ্রস্ত পরিবারের সংখ্যা এখন ৪৭ শতাংশ ছাড়িয়েছে। গ্রামে এই হার আরও বেশি। সম্প্রতি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) এক জরিপে এমন তথ্য উঠে এসেছে। অর্থনীতিবিদরা বলছেন, উচ্চ মূল্যস্ফীতিতে আয় কমে যাওয়ায় অনেকেই সঞ্চয় ভেঙে জীবনযাপন করছেন-যা দারিদ্র বাড়ার ঝুঁকি তৈরি করছে। ছুটির এক সকালে বাজারে ঘুরছিলেন ব্যাংকার আনিসুর রহমান। সব পণ্যের উচ্চমূল্য নিয়ে হতাশা তার। জানান, মাস ফুরোনোর আগেই তার বেতন ফুরিয়ে যায়। বাসাভাড়া আর সন্তানদের পড়াশোনার খরচ মেটাতে প্রতি মাসেই তাকে ঋণ নিতে হয়। ‘এভাবে একটু একটু করে ঋণের ফাঁদে জড়িয়ে যাচ্ছি।’ শরীয়তপুরের কৃষক সেলিম রহমান বলেন, ‘জমি তৈরির মূলধন জোগাড় করতে বিভিন্ন বেসরকারি

২ এর পাতায় দেখুন

আশংকাজনক অবস্থায় হাসপাতালে স্ত্রী ও ছেলে

বাস-ট্রাক সংঘর্ষে পটুয়াখালীর ব্যাংক কর্মকর্তা ও মেয়ে নিহত

কীর্তনখোলা রিপোর্ট

নাটোরে যাত্রীবাহী বাস ও পণ্যবাহী ট্রাকের সংঘর্ষে ব্র্যাক ব্যাংকের কর্মকর্তা পটুয়াখালী মির্জাগঞ্জের শহিদুল ইসলাম ও তার ৯ বছর বয়সী মেয়ে তাছফিয়ার মৃত্যু হয়েছে। এছাড়া তার স্ত্রী রুবিনা বেগম ও ছোট ছেলে লাবিব গুরুতর আহত হয়েছেন। তাদের আশঙ্কাজনক অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। মঙ্গলবার (২০ অক্টোবর) ভোর সোয়া ৪টার দিকে এ

দুর্ঘটনা ঘটে। এতে মোট ১৪ জন নিহত এবং অন্তত ২০ জন আহত হয়েছেন বলে জানা গেছে। আহতদের মধ্যে ১৪ জনকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। নাটোরের জেলা প্রশাসক সুমনী আক্তার দুর্ঘটনার বিষয়টি নিশ্চিত করেছেন। নিহত শহিদুল ইসলামের বাড়ি পটুয়াখালীর মির্জাগঞ্জ উপজেলায়। তিনি মাগুরা জেলায় ব্র্যাক ব্যাংকের শাখা ব্যবস্থাপক হিসেবে

২ এর পাতায় দেখুন

শৃঙ্খলিত জীবনযাপনেই ডায়াবেটিস প্রতিরোধ সম্ভব: জিয়াউদ্দিন হায়দার

ঝালকাঠি প্রতিনিধি

শৃঙ্খলাপূর্ণ জীবনযাপন, সঠিক খাদ্যাভ্যাস, নিয়মিত ব্যায়াম ও প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে ডায়াবেটিস প্রতিরোধ এবং এ রোগের ঝুঁকি কমানো সম্ভব বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর স্বাস্থ্যবিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) ড. এস এম জিয়াউদ্দিন হায়দার। একই সঙ্গে ঝালকাঠি ডায়াবেটিক হাসপাতালের উন্নয়নে ৫ কোটি টাকা বরাদ্দের ঘোষণা দিয়েছেন তিনি। মঙ্গলবার (২০ অক্টোবর) সকাল ১০টায় ঝালকাঠি ডায়াবেটিক সমিতির আয়োজনে সমিতির সভাকক্ষে নির্মাণাধীন সৈয়দ মোয়াজ্জেম জেনারেল ও ডায়াবেটিক হাসপাতাল পরিদর্শন শেষে আয়োজিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ড. এস এম জিয়াউদ্দিন হায়দার বলেন, বাংলাদেশের প্রায় ১৭ কোটি মানুষের মধ্যে প্রায় ১ কোটি ৪০ লাখ মানুষ ডায়াবেটিসে আক্রান্ত। আক্রান্তদের একটি বড় অংশ জানেন না যে তাঁরা

২ এর পাতায় দেখুন

আওয়ামী লীগ পৃথিবীর ইতিহাসে সবচেয়ে বড় চোরের দল: স্পিকার

ভোলা প্রতিনিধি

কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ পৃথিবীর ইতিহাসে সবচেয়ে বড় চোরের দল বলে মন্তব্য করেছেন জাতীয় সংসদের স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম। তিনি বলেন, আওয়ামী লীগ ভেবেছে লুটপাট করে কেয়ামত পর্যন্ত ক্ষমতায় থাকবে। মনে করেছিল এভাবেই জীবন যাবে। হাজার হাজার কোটি টাকা নিয়ে তারা দেশ থেকে পালিয়ে গেছে। বর্তমান সরকার দুর্নীতি দমন কমিশনের (দুদক) মাধ্যমে দুর্নীতিবাজদের বিরুদ্ধে ব্যবস্থা নেবে। এরইমধ্যে অন্তর্বর্তী সরকারের আমলে হত্যাকাণ্ডের জন্য আওয়ামী লীগের অনেক নেতার শাস্তি হয়েছে। শেখ হাসিনারও মৃত্যুদণ্ড দিয়েছেন আদালত। আন্তর্জাতিক সংসদীয় ইউনিয়নের (আইপিইউ) এশিয়া প্যাসিফিক গ্রুপের চেয়ারম্যান নির্বাচিত হওয়ায় মঙ্গলবার (২০ অক্টোবর) দুপুরে ভোলার লালমোহন উপজেলা পরিষদে উপজেলা ও পৌরসভা বিএনপি এবং তার অঙ্গসংগঠনের আয়োজনে স্পিকারকে

২ এর পাতায় দেখুন

যুক্তির লড়াইয়ে রঙিন বিভাগীয় উৎসব

বরিশালে জয়ী জিলা স্কুল

কীর্তনখোলা রিপোর্ট

সেদিন শারদীয় দুর্গোৎসবের ছুটির আমেজের সঙ্গে বরিশাল নগরীর আছমত আলী খান ইনস্টিটিউশনে যোগ হয়েছিল বাড়তি উৎসবমুখরতা। দিনভর এ বিদ্যাপীঠের মিলনায়তনে তরুণ বিতার্কিকদের কণ্ঠে ছড়িয়েছে বিজ্ঞানের যুক্তি ও প্রজ্ঞার দ্যুতি। বিভাগের ছয় জেলার চ্যাম্পিয়ন দল বরিশাল জিলা স্কুল, ভোলার লালমোহন হা-মীম রেসিডেনসিয়াল স্কুল অ্যান্ড কলেজ, ঝালকাঠি সরকারি বালক বিদ্যালয়, পিরোজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, বরগুনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় এবং পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় বিভাগীয় উৎসবে

২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

ইশরাককে পদত্যাগ করানো শুভ লক্ষণ নয়

সম্প্রতি মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ইশরাক হোসেন তার অনুসারীদের সঙ্গে নিয়ে মাফিয়াদের আর্শিবাদপুষ্ট মাদক কারবারিদের দমনে একটি বড়সড় মাদকের আখড়ায় অভিযান চালান। তরুণ এই রাজনীতিবিদ বীর মুক্তিযোদ্ধা ও ঢাকার সাবেক মেয়র মরহুম সাদেক হোসেন খোকার পুত্র। পিতার ন্যায় তিনিও রাজনীতির ময়দানে বীরত্বপূর্ণ ভূমিকা রেখেছেন বারবার, ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে যা ঢাকাবাসীসহ দেশবাসী প্রত্যক্ষ করেছে।

সম্প্রতি প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের নেতৃত্বাধীন বর্তমান বাংলাদেশ জাতীয়তাবাদী দলের সরকার তরুণ সমাজকে মাদকের নির্মম ছোবলে ধ্বংসের হাত থেকে রক্ষায় দেশব্যাপি মাদক বিরোধী অভিযানে জিরো টলারেন্সে নীতি অনুসরণ করে এগিয়ে যাচ্ছেন এবং মাদকের বিস্তার রোধে অনেকাংশেই সাফল্য নজরে আসছে। এ বিষয়ে কোথাও কোথাও শৈথিল্য নজরে না পড়লেও আইনশৃঙ্খলা বাহিনীর কতিপয় দূর্নীতিবাজ কর্মকর্তার উদাসীনতায় তা পরিপূর্ণ ভাবে সাফল্য লাভ করছে না।

২ এর পাতায় দেখুন

বিচার শুরুর অপেক্ষায় কারাগারে দিন গুনছেন হেভিওয়েট আসামিরা

কীর্তনখোলা ডেস্ক

জুলাই গণঅভ্যুত্থানে সংঘটিত মানবতাবিরোধী অপরাধের মামলায় গ্রেফতার হয়ে দীর্ঘদিন কারাগারে আছেন কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের আটজন হেভিওয়েট আসামি। যাদের মধ্যে সাতজন সাবেক মন্ত্রী, একজন উপদেষ্টা। তাদের কেউ কারাগারে দেড় বছর পার করেছেন, কারও বিরুদ্ধে এখনো আনুষ্ঠানিক অভিযোগই দাখিল হয়নি। বিচার শুরুর অপেক্ষায় কারাগারে দিন গুনছেন তারা। এদের মধ্যে ছয়জনের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দাখিলের অপেক্ষা চলছে, আর অভিযোগ দাখিল হওয়া দুজনের বিচারিক কার্যক্রম এখনো শুরু হয়নি। আসামিদের দীর্ঘ কারাবাসের পরও বিচার শুরু না হওয়া নিয়ে প্রশ্ন তুলছে আসামিপক্ষ। অন্যদিকে প্রসিকিউশনের দাবি তদন্ত ও বিচারপ্রক্রিয়া আইন অনুযায়ীই এগোচ্ছে। এরইমধ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পুনর্গঠনের দুই বছর পূর্ণ হয়েছে। ২০২৪ সালের ১৪ অক্টোবর অন্তর্বর্তী সরকার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পুনর্গঠন করে। এরপর জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানে হত্যাকাণ্ড, আওয়ামী লীগ সরকারের আমলে গুম এবং হেফাজতের সমাবেশ ঘিরে সংঘটিত মানবতাবিরোধী অপরাধসহ ২০০৯ থেকে ২০২৪ সাল পর্যন্ত বিভিন্ন ঘটনার বিচার শুরু হয়। ট্রাইব্যুনাল সূত্র

২ এর পাতায় দেখুন


শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপন্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

জেলে ও খেয়াযাত্রীদের ওপর বোমা হামলা, ‘বোমারু জামাল’ গ্রেফতার

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে জয়ন্তী নদীতে জেলে ও খেয়াযাত্রীদের ওপর বোমা হামলার ঘটনায় করা মামলার প্রধান আসামি জামাল পালোয়ান ওরফে বোমারু জামালকে (৪০) গ্রেফতার করেছে পুলিশ। মঙ্গলবার সকাল ৬টার দিকে উপজেলার সফিপুর ইউনিয়নের লক্ষীপুর গ্রামে নিজ বাড়ি থেকে তাঁকে গ্রেফতার করা হয়। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, গত রোববার রাত ৮টার দিকে সফিপুর ইউনিয়নের নোমরহাট খেয়াঘাটের উত্তর পাড়ে জয়ন্তী নদীতে ৩২ থেকে ৩৫টি হাতবোমার বিস্ফোরণ ঘটে। এতে ট্রলারচালক, জেলে ও খেয়াযাত্রীসহ অন্তত পাঁচজন গুরুতর আহত হন এবং

২ এর পাতায় দেখুন

নগরীর পূজামণ্ডপ পরিদর্শন করেন জেলা প্রশাসক মামুন খন্দকার -কীর্তনখোলা

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

পর্যটকদের নিরাপত্তা নিশ্চিত করুন

কক্সবাজারের ইনানী এলাকায় গত শনিবার একটি রিসোর্টে অগ্নিকাণ্ডে ১০ পর্যটক পুড়ে মারা গেছে। ধারণা করা হচ্ছে, গ্যাসের সিলিন্ডার থেকে আগুনের সূত্রপাত। ইট ও কাঠের তৈরি রিসোর্টটিতে মুহূর্তেই আগুন ছড়িয়ে পড়ে। সকালের দিকে ওই সময় অনেকেই ঘুমিয়ে ছিল, সেই অবস্থায় পুড়ে অঙ্গার হয়েছে তারা। নিহতদের মধ্যে ছয়জন একই পরিবারের সদস্য। মর্মান্তিক এ ঘটনায় নিহতদের পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাই। প্রকাশিত খবরে জানা যায়, রিসোর্টটির কোনো অনুমোদন ছিল না। পরিবেশ ছাড়পত্র না থাকায় পরিবেশ অধিদপ্তর গত ১৩ মে রিসোর্টটিকে এক লাখ টাকা জরিমানাও করেছিল। এ ছাড়া ছিল না অগ্নিনির্বাপণব্যবস্থাও। জানা যায়, আগুন লাগার পর যারা লাফ দিতে পেরেছে, তারাই প্রাণে বেঁচেছে। এ কারণে মৃত্যুর তালিকায় নারী ও শিশুরাই বেশি। দেখা যাচ্ছে, অব্যবস্থাপনার কারণেই এতগুলো মানুষকে পুড়ে মরতে হলো। আরো উদ্বেগের খবর হলো, শুধু এই রিসোর্ট নয়, কক্সবাজারজুড়ে পাঁচ শতাধিক হোটেল-মোটেল ও গেস্টহাউস রয়েছে, কিন্তু বেশির ভাগেরই নেই আধুনিক অগ্নিনির্বাপণব্যবস্থা। অন্যদিকে এসব নজরদারির দায়িত্বে থাকা সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষও কার্যকর ব্যবস্থা নিচ্ছে না। এ বিষয়ে কক্সবাজার হোটেল-মোটেল ও গেস্টহাউস মালিক সমিতির সভাপতি আবুল কাশেম সিকদার বলেন, ‘আমাদের হোটেলগুলো অনেক আগে নির্মিত। তাই এখনকার মতো আধুনিক ব্যবস্থা নেই।’ অন্যদিকে ফায়ার সার্ভিস বিভাগ এ নিয়ে দায়সারা জবাব দিয়েছে। এই অবস্থায় কয়েকটি প্রশ্ন সামনে আসে, পর্যটনশিল্পের প্রসারে আমরা যখন বিনিয়োগ, অবকাঠামো নির্মাণ ও প্রচারণার কথা বলছি, তখন পর্যটক ও কর্মীদের জীবন রক্ষায় নিশ্চয়তা কতটা দিতে পারছি? এ ছাড়া সংশ্লিষ্ট কর্তৃপক্ষ রিসোর্টটিকে আগেই সতর্ক করেছিল, তাহলে পরবর্তী পদক্ষেপ কী ছিল? সতর্কবার্তার পরও যদি ঝুঁকি দূর না করে প্রতিষ্ঠান চালু রাখা হয়, তাহলে শুধু মালিকপক্ষ নয়, তদারকির ও আইন প্রয়োগের দায়িত্বে থাকা সংস্থাগুলোর ভূমিকাও খতিয়ে দেখা দরকার। আরো লক্ষণীয় বিষয় হলো, এ ধরনের ঘটনার পর কিছুদিন সংশ্লিষ্ট ব্যক্তিদের তোড়জোড় দেখা যায়। কিন্তু কয়েক দিন যেতে না যেতেই আবারও একই অবস্থা। সংগত কারণেই এমন ঘটনাকে নিছক দুর্ঘটনা বলার সুযোগ নেই। শুধু কক্সবাজার নয়, খোঁজ নিলে দেশের অনেক হোটেল-রিসোর্টেও এমন ত্রুটি পাওয়া যাবে। কাজেই পর্যটনশিল্পের বিকাশে এসব ত্রুটি দূর করা একান্ত জরুরি। আমরা মনে করি, ইনানীর ঘটনার সুষ্ঠু তদন্তের মাধ্যমে দায়ীদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ নিতে হবে। ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের ব্যবস্থা করতে হবে। একই সঙ্গে আগামী দিনে এ ধরনের ঘটনা রোধে দেশের হোটেল-রিসোর্টগুলোর নিরাপত্তাব্যবস্থা নিশ্চিত করা অপরিহার্য।

জেলে ও খেয়াযাত্রীদের ওপর বোমা

এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। এ ঘটনায় আহত জেলে জহিরুল ইসলামের মা মমতাজ বেগম বাদী হয়ে সোমবার সন্ধ্যায় মুলাদী থানায় মামলা করেন। মামলায় জামাল পালোয়ান ও স্বপন পালোয়ানসহ ৪ জনের নাম উল্লেখ করা হয়েছে। এ ছাড়া অজ্ঞাতনামা আরও ৪-৫ জনকে আসামি করা হয়েছে। পুলিশ জানায়, মঙ্গলবার ভোর সাড়ে ৫টার দিকে জামাল পালোয়ান তাঁর বাড়িতে প্রবেশ করেন। গোপন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে সকাল ৬টার দিকে তাঁকে গ্রেফতার করা হয়। স্থানীয় জেলেদের অভিযোগ, জামাল পালোয়ানের বিরুদ্ধে আগে থেকেই চাঁদা আদায়, জেলেদের নির্যাতন এবং মাছ ও জাল ছিনিয়ে নেওয়ার অভিযোগ ছিল। এসব কারণে দীর্ঘদিন ধরে অতিষ্ঠ ছিলেন সাধারণ জেলেরা। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, জামাল পালোয়ান এলাকায় বোমা তৈরির কারিগর হিসেবে পরিচিত। তিনি ‘বোমারু জামাল’ নামেও পরিচিত। তাঁর বিরুদ্ধে আগে দস্যুতা ও মাদক আইনে মোট ৬টি মামলা রয়েছে। গত রোববার রাতের হামলার ঘটনায় তাঁর বিরুদ্ধে বিস্ফোরক দ্রব্য আইনে পৃথক আরেকটি মামলা হয়েছে। গ্রেফতার জামালকে আদালতে পাঠানো হয়েছে। অন্য আসামিদের গ্রেপ্তারে অভিযান চলছে।

আওয়ামী লীগ পৃথিবীর ইতিহাসে

গণসংবর্ধনা দেওয়া হয়। ওই অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জাতীয় সংসদের স্পিকার আরও বলেন, ??‘বর্তমানে প্রত্যেক মানুষের বাক-স্বাধীনতা আছে। তারা সরকার ও সরকারপ্রধানের সমলোচনা করতে পারবে। একজন মহিলা এমপি বিরুদ্ধে একটি হাসপাতাল দখলের অভিযোগ পাওয়ায় প্রধানমন্ত্রী তাকে পদত্যাগের নির্দেশ দিয়েছেন। প্রতিমন্ত্রী ইশরাক হোসেনও পদত্যাগ করেছেন। যদিও সে কাজটি ভালো করেছিল। পুলিশের ওপর গুলিবর্ষণকারী মাদক ব্যবসায়ীদের দমন করতে গিয়েছিল সে। তবে তার হাতে অস্ত্র নেওয়া ঠিক হয়নি। যে কারণে প্রধানমন্ত্রী তাকে পদত্যাগের নির্দেশ দিয়েছেন। যা অতীতে কোনো দল তার দলের এমপি ও মন্ত্রীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়নি। প্রধানমন্ত্রী তারেক রহমান আপসহীন হওয়ায় সম্ভব হয়েছে।’ অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন লালমোহন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. সিফাত বিন সাদেক, অতিরিক্ত পুলিশ সুপার সত্যজিৎ কুমার ঘোষ, থানার ভরপ্রাপ্ত (ওসি) নজরুল ইসলাম মজুমদার, উপজেলা বিএনপি সভাপতি মো. জাফর ইকবাল, সাধারণ সম্পাদক সফিকুল ইসলাম বাবুলসহ প্রমুখ।

বিচার শুরুর অপেক্ষায় কারাগারে

অনুযায়ী, এ পর্যন্ত ৭০টি মামলায় ৫৫৮ জন আসামি রয়েছেন। এর মধ্যে ৪৪টি মামলা তদন্তাধীন এবং ২৬টি মামলার বিচার চলছে। এরইমধ্যে সাতটি মামলার রায় হয়েছে। এসব মামলায় ৬৮ জনকে বিভিন্ন মেয়াদে সাজা দেওয়া হয়েছে। শেখ হাসিনাসহ মোট ২২ জনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। তাদের মধ্যে ১৮ জন পলাতক। অন্যদিকে, প্রায় ৬০০টি অভিযোগ দায়েরের মধ্যে ৪৪টি তদন্তাধীন এবং ২৬টি বিচারাধীন। ২০২৪ সালের ১৭ অক্টোবর শেখ হাসিনা ও আরও ৪৭ জনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির মধ্য দিয়ে পুনর্গঠিত ট্রাইব্যুনালের বিচারিক কার্যক্রম শুরু হয়। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের মামলায় গ্রেফতার থাকা আওয়ামী লীগের আট হেভিওয়েট আসামি হলেন- আমির হোসেন আমু, শাহজাহান খান, ড. আবদুর রাজ্জাক, কর্নেল (অব.) ফারুক খান, গোলাম দস্তগীর গাজী, তৌফিক-ই-ইলাহী চৌধুরী, ডা. দীপু মনি ও কামাল আহমেদ মজুমদার। এর মধ্যে ছয়জনের বিরুদ্ধে এখনো আনুষ্ঠানিক অভিযোগ দাখিল হয়নি। তারা হলেও সাবেক মন্ত্রী আমির হোসেন আমু, শাহজাহান খান, ড. আবদুর রাজ্জাক, কর্নেল (অব.) ফারুক খান ও সাবেক উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরী। অন্যদিকে ডা. দীপু মনি ও কামাল আহমেদ মজুমদারের বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল হলেও তাদের বিচারিক কার্যক্রম এখনো শুরু হয়নি। এক বছরের বেশি সময় ধরে গ্রেফতার থাকার পরও ছয়জনের বিরুদ্ধে সুনির্দিষ্ট করে আনুষ্ঠানিক কোনো অভিযোগ দাখিল না হওয়ায় প্রশ্ন তুলেছেন আসামিপক্ষের আইনজীবীরা। তাদের দাবি, দীর্ঘ সময় ধরে কারাগারে থাকা এবং বিচার শুরু না হওয়া আইনের মৌলিক নীতির সঙ্গে সাংঘর্ষিক। সাবেক মন্ত্রী আমির হোসেন আমুকে ২০২৪ সালের ৬ নভেম্বর পশ্চিম ধানমন্ডির বাসা থেকে গ্রেফতার করে পুলিশ। তার বিরুদ্ধে হত্যা ও মানবতাবিরোধী অপরাধসহ অন্তত ১৫টি মামলা রয়েছে। তিনি আওয়ামী লীগের ১৪ দলীয় জোটের সমন্বয়ক ও মুখপাত্র ছিলেন। সাবেক মন্ত্রী ড. আবদুর রাজ্জাককে ২০২৪ সালের ১৪ অক্টোবর নিউ ইস্কাটন এলাকা থেকে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি) গ্রেফতার করে। তার বিরুদ্ধেও একাধিক মামলা রয়েছে। সাবেক মন্ত্রী ডা. দীপু মনিকে ২০২৪ সালের ১৯ আগস্ট বারিধারার ডিওএইচএস এলাকা থেকে গ্রেফতার করা হয়। তার বিরুদ্ধেও একাধিক মামলা রয়েছে। সাবেক উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরীকে ২০২৪ সালের ১০ সেপ্টেম্বর গুলশান থেকে ডিবি গ্রেফতার করে। শেখ হাসিনা ৫ আগস্ট দেশ ছেড়ে ভারতে পালিয়ে যাওয়ার পর তিনি আত্মগোপনে ছিলেন। সাবেক মন্ত্রী কর্নেল (অব.) ফারুক খানকে ২০২৪ সালের ১৪ অক্টোবর ক্যান্টনমেন্ট এলাকা থেকে গ্রেফতার করে র?্যাব (বর্তমানে এসআরবি)। গণঅভ্যুত্থানের সময় সংঘটিত হামলার ঘটনায় তার বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে। সাবেক মন্ত্রী শাহজাহান খানকে ২০২৪ সালের ৫ সেপ্টেম্বর ধানমন্ডি এলাকা থেকে ডিবি গ্রেফতার করে। পরবর্তীসময়ে জুলাইয়ের গণঅভ্যুত্থানের ঘটনায় দায়ের করা একাধিক মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়। ২০২৪ সালের ২৫ আগস্ট রাজধানীর শান্তিনগর এলাকার একটি বাসা থেকে গ্রেফতার করা হয় সাবেক বস্ত্র ও পাটমন্ত্রী এবং গাজী গ্রুপের চেয়ারম্যান গোলাম দস্তগীর গাজীকে। নারায়ণগঞ্জের বিভিন্ন থানায় করা অন্তত আটটি হত্যা মামলার আসামি তিনি। প্রসিকিউশনের অভিযোগ, জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানের সময় আমির হোসেন আমু, ড. আবদুর রাজ্জাক, ডা. দীপু মনি, ফারুক খান, তৌফিক-ই-ইলাহী চৌধুরী ও শাহজাহান খান নিজ নিজ অবস্থান থেকে শেখ হাসিনা সরকারের দমন-পীড়নমূলক কর্মকাণ্ডে পরামর্শ, সহযোগিতা, সমর্থন ও উসকানি দিয়েছেন। তারা ১৪ দলীয় জোটের দুটি বৈঠকেও উপস্থিত ছিলেন বলে অভিযোগ রয়েছে। আমির হোসেন আমু ছিলেন ১৪ দলীয় জোটের সমন্বয়ক ও মুখপাত্র। প্রসিকিউশনের দাবি, এসব কর্মকাণ্ড আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনের আওতায় ‘সুপিরিয়র কমান্ড রেসপনসিবিলিটি’ হিসেবে অপরাধের পর্যায়ে পড়ে। প্রসিকিউশনের কর্মকর্তারা বলছেন, তদন্তে ছয় নেতার বিরুদ্ধে আনা অভিযোগের সত্যতা পাওয়া গেছে।

বরিশালে জয়ী জিলা

অংশ নেয়। জাতীয় সংগীত পরিবেশনের মাধ্যমে সকালে সূচিত আয়োজনে তিন রাউন্ডের মোট পাঁচটি প্রতিযোগিতায় চলে তীব্র লড়াই। বিতার্কিকদের ধারালো যুক্তি-পাল্টা যুক্তিতে প্রাঙ্গণ রূপ নেয় যুক্তির রণক্ষেত্রে। পক্ষে-বিপক্ষের অবস্থান আলাদা হলেও বিতার্কিকদের একটি বিষয়ে ঐকমত্য ফুটে ওঠে ‘সুখী দেশ ও সুখী জীবন গড়তে বিজ্ঞানের সঠিক ব্যবহারের কোনো বিকল্প নেই।’ তরুণদের সর্বাগ্রে বিজ্ঞানমনস্ক হতে হবে। ফাইনালে পক্ষে অবস্থান নিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে বরিশাল জিলা স্কুল। বিপক্ষে লড়ে রানার্সআপ হয় পিরোজপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। চমৎকার নৈপুণ্যে ‘শ্রেষ্ঠ বক্তা’ নির্বাচিত হয় বিজয়ী দলের নাফিজ নিলয়। বিজয়ীরা রাজধানীতে অনুষ্ঠিতব্য চূড়ান্ত আসরে বিভাগীয় চ্যাম্পিয়নদের সঙ্গে যুক্তি-তর্কের লড়াইয়ে অবতীর্ণ হবে। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের পুরস্কার তুলে দেন ইউজিভির (ইউনিভার্সিটি অব গ্লোবাল ভিলেজ, বরিশাল) উপাচার্য অধ্যাপক ড. আবদুল বাকী। সকালে উৎসবের উদ্বোধন করেন আছমত আলী খান ইনস্টিটিউশন পরিচালনা পর্ষদের সভাপতি ও বরিশাল বিভাগীয় ক্রীড়া সংস্থার সদস্য সচিব আনোয়ারুল হক তারিন। প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. আবদুল বাকী বলেন, ‘বিজ্ঞান মানুষকে স্বপ্ন দেখায়। যুক্তি ও বিজ্ঞানভিত্তিক বিতর্ক শিক্ষার্থীদের মেধার বিকাশ ঘটায়। যে দেশে বিজ্ঞানমনস্ক নাগরিক বেশি, সে দেশ তত বেশি সুখী ও সমৃদ্ধ। সৃষ্টিশীল নাগরিক হতে হলে নতুন প্রজন্মকে অনুসন্ধিৎসু হতে হবে। সমকালের এ উদ্যোগ তরুণদের কুসংস্কার, সন্ত্রাস ও মাদক থেকে দূরে রাখবে।’ আয়োজনে সভাপতিত্ব করেন বরিশাল বিশ্ববিদ্যালয় সুহৃদ সমাবেশের সভাপতি নূর ইসলাম নিয়ন। বিচারক ছিলেন সহকারী অধ্যাপক আদনান সাকুর, জান্নাতুল তাজরি, সহকারী অধ্যাপক সঙ্গীতা সরকার, মেহেদী হাসান শুভ, শাহনাজ ফাহমিদা বীথি, ইয়াকুজ্জামান নিবিড়, ইশতিয়াক আহমেদ জিওন, তাসমিয়া ইসলাম সানজিদা, লোহামা ইসলাম ও মো. রাফি। সঞ্চালনা করেন ববি সুহৃদ সমাবেশের সাধারণ সম্পাদক জাকিয়া সুলতানা শিমু।

শৃঙ্খলিত জীবনযাপনেই ডায়াবেটিস

এ রোগে ভুগছেন। তাই ডায়াবেটিস প্রতিরোধ ও নিয়ন্ত্রণে জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করতে হবে। রোগের জটিলতা দেখা দেওয়ার আগেই ডায়াবেটিস শনাক্ত করা গেলে যথাযথ পদক্ষেপ নেওয়া সম্ভব। তিনি বলেন, ডায়াবেটিস নিয়ন্ত্রণে ‘থ্রি ডি’ বা তিনটি বিষয় অত্যন্ত গুরুত্বপূর্ণ। এগুলো হলো ডিসিপ্লিন (শৃঙ্খলা), ডায়েট (সুষম খাদ্যাভ্যাস) ও ড্রাগ (চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ওষুধ)। নিয়ম মেনে চলা, স্বাস্থ্যসম্মত খাবার গ্রহণ এবং প্রয়োজনীয় চিকিৎসার মাধ্যমে ডায়াবেটিস নিয়ন্ত্রণে রাখা যায়। একই সঙ্গে এ রোগ প্রতিরোধে জনসচেতনতা সৃষ্টি এবং নিয়মিত পরীক্ষা-নিরীক্ষার ওপর গুরুত্ব দিতে হবে। স্বাস্থ্যসেবা প্রসঙ্গে তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান স্বাস্থ্য খাতকে গুরুত্ব দিয়েছেন। সরকার স্বাস্থ্যসেবাকে আরও প্রতিরোধমূলক ও জনমুখী করতে চায়। শুধু রোগ হওয়ার পর চিকিৎসা দেওয়ার পরিবর্তে রোগ প্রতিরোধ, প্রাথমিক পর্যায়ে শনাক্তকরণ এবং মানুষের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার ওপর গুরুত্ব দেওয়া হবে। এ লক্ষ্যে কমিউনিটিভিত্তিক স্বাস্থ্যসেবা জোরদার এবং স্বাস্থ্য হাব গড়ে তোলার পরিকল্পনা করা হচ্ছে। তিনি আরও বলেন, ডায়াবেটিসসহ অসংক্রামক রোগের কারণে দেশে বিপুলসংখ্যক মানুষের মৃত্যু হচ্ছে। মোট মৃত্যুর প্রায় ৭১ থেকে ৭৩ শতাংশ অসংক্রামক রোগের সঙ্গে সম্পর্কিত। এ পরিস্থিতি মোকাবিলায় প্রতিরোধমূলক স্বাস্থ্যব্যবস্থা শক্তিশালী করা জরুরি। মানুষকে সচেতন করে সুস্থ জীবনযাপনে অভ্যস্ত করতে হবে, যাতে রোগের ঝুঁকি কমানো যায়। ঝালকাঠি ডায়াবেটিক হাসপাতালের উন্নয়ন প্রসঙ্গে ড. এস এম জিয়াউদ্দিন হায়দার বলেন, হাসপাতালটির উন্নয়ন ও স্বাস্থ্যসেবার মান বাড়াতে কাজ করা হবে। এ জন্য তিনি হাসপাতালটির উন্নয়নে ৫ কোটি টাকা বরাদ্দের ঘোষণা দেন। পাশাপাশি স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে মানুষকে সম্পৃক্ত করে ডায়াবেটিস প্রতিরোধে জনসচেতনতা বাড়ানোর ওপর গুরুত্ব দেন তিনি। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝালকাঠির জেলা প্রশাসক মো. মমিন উদ্দিন, পুলিশ সুপার মেরিন সুলতানা, জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট শাহাদাত হোসেন, সিভিল সার্জন ডা. মোহাম্মদ হুমায়ূন কবীর, জেলা বিএনপির আহ্বায়ক অ্যাডভোকেট মো. সৈয়দ হোসেন এবং ঝালকাঠি প্রেসক্লাবের সভাপতি ও নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের পিপি অ্যাডভোকেট মো. আককাস সিকদার। ঝালকাঠি ডায়াবেটিক সমিতির সভাপতি মো. হেমায়েত হোসেনের সভাপতিত্বে সভায় সমিতির সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

আয়ের চেয়ে ব্যয় বেশি, ঋণের

সংস্থা থেকে ঋণ নিই। সেই ঋণে সুদ জমে জমে এখন তা পাহাড়সম হয়েছে। ঋণের বোঝা কমাতে না পারায় বাড়িতে নিয়মিত হেনস্তা হতে হয় পরিবারকে।’ একইরকম অবস্থার কথা জানিয়েছেন কোনো সরকারি চাকুরিজীবীও। একদফা বেতন বাড়ার পরও খরচ সামলাতে হিমশিম খাচ্ছেন বলে জানিয়েছেন তারা। নিত্যপণ্যের দামের সঙ্গে পাল্লা দিতে পারছেন না বলেও দাবি তাদের। বিবিএসের ‘লিভিং স্ট্যান্ডার্ড সার্ভে ২০২৫’ অনুযায়ী, দেশের ৪৭ দশমিক ৪২ শতাংশ পরিবার ঋণগ্রস্ত। নিত্যপ্রয়োজনীয় খরচ মেটাতে গিয়ে গত এক বছরে গ্রামের ৫১ দশমিক ৯১ শতাংশ পরিবার ঋণ করেছে। শহরাঞ্চলে এই হার ৪০ দশমিক ১৯ শতাংশ এবং সিটি করপোরেশন এলাকায় ৩২ দশমিক ১১ শতাংশ। জরিপে দেখা গেছে, জাতীয় পর্যায়ে পরিবারপ্রতি গড় মাসিক আয় ৩৩ হাজার ৫১৩ টাকা। এর বিপরীতে গড় মাসিক ব্যয় ৩৫ হাজার ৩১১ টাকা। অর্থাৎ প্রতি মাসে গড়ে প্রায় ২ হাজার টাকা ঘাটতি। ২০২২ সালের খানা আয় ও ব্যয় জরিপে গড় পারিবারিক আয় ছিল ৩২ হাজার ৪২২ টাকা, আর ব্যয় ৩১ হাজার ৫০০ টাকা। তখন আয় ব্যয়ের চেয়ে প্রায় ৯২২ টাকা বেশি ছিল। এবার সেই চিত্র উল্টে গেছে। আগের জরিপের তুলনায় গড় আয় বেড়েছে মাত্র ১ হাজার ৯১ টাকা, অর্থাৎ প্রায় ৩ দশমিক ৪ শতাংশ। একই সময়ে ব্যয় বেড়েছে ৩ হাজার ৮১১ টাকা, অর্থাৎ প্রায় ১২ শতাংশ। এবার এলাকাভেদে গড় মাসিক ব্যয় সিটি করপোরেশনে ৪৬ হাজার ৭৭৮ টাকা, শহরাঞ্চলে ৩৭ হাজার ৩৪৪ টাকা এবং গ্রামে ৩২ হাজার ৫৩২ টাকা। জাতীয়ভাবে মাসিক খরচের অর্ধেক যায় খাদ্যে, বাকি অর্ধেক খাদ্যবহির্ভূত খাতে। গ্রামে খাদ্যের পেছনে খরচ বেশি। সিটি করপোরেশন এলাকায় ৫৬ দশমিক ৭ শতাংশ খরচ হয় খাদ্যবহির্ভূত খাতে। মজুরির চিত্রও একই। সরকারি তথ্য অনুযায়ী, গত সেপ্টেম্বর পর্যন্ত টানা ৫৬ মাস মজুরি বৃদ্ধির হারের চেয়ে মূল্যস্ফীতির হার বেশি ছিল। সেপ্টেম্বরে মজুরি বৃদ্ধির হার ৭ দশমিক ৯ শতাংশে নেমেছে, আগের মাসে ছিল ৮ দশমিক ০৫ শতাংশ। একই মাসে মূল্যস্ফীতি বেড়ে হয়েছে ৮ দশমিক ৩৪ শতাংশ। জাতীয় বেতন কমিশনের অনুরোধে নবম জাতীয় বেতন স্কেলের সুপারিশ তৈরিতে সহায়তার জন্য জরিপটি করা হয়। গত বছরের ১৪ থেকে ১৮ সেপ্টেম্বর ১৫০টি নমুনা এলাকার তিন হাজার পরিবারের সাক্ষাৎকার নেয়া হয়।

ডেঙ্গুতে আরও ৫ জনের

১ হাজার ৩৬৬ জন। মঙ্গলবার (২০ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ৩৫৭ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে অক্টোবরের প্রথম ১৯ দিনে মারা গেছে ১১২ জন। এছাড়া সেপ্টেম্বরে সর্বোচ্চ ১৪৮ জন, আগস্টে ৪৩ জন, জুলাইয়ে ৩৬ জন, জুনে ১৩ জন, মে মাসে একজন এবং জানুয়ারি ও ফেব্রুয়ারিতে দুজন করে ডেঙ্গু রোগীর মৃত্যু হয়েছে। বুলেটিনে বলা হয়, সোমবার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ১ হাজার ৩৬৬ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১ লাখ ১৫ হাজার ৬১৭ জনে। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন ১ হাজার ৪১৫ জন। এ পর্যন্ত মোট ১ লাখ ৯ হাজার ৩১৬ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে ৬৩৮ জন। এছাড়া চট্টগ্রামে ১০৫ জন, খুলনায় ১৪১ জন, বরিশালে ১৯১ জন, রাজশাহীতে ১২৮ জন, ময়মনসিংহে ৮০ জন এবং রংপুরে ৭২ জন রোগী ভর্তি হয়েছেন।

গণপিটুনি-রাজনৈতিক সহিংসতায়

বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, গত নয় মাসে পত্রিকায় প্রকাশিত সংবাদ অনুযায়ী, ১৯৮টি গণপিটুনির ঘটনায় ২৬০ জন নিহত ও ৪০১ জন আহত হয়েছেন। একই সময়ে ১ হাজার ১৩টি রাজনৈতিক সংঘাতের ঘটনায় ৭৩ জন নিহত ও ৬ হাজার ৪৭৩ জন আহত হয়েছেন। এসব রাজনৈতিক সংঘাতের ৯১ শতাংশই বিএনপির অভ্যন্তরীণ কোন্দল অথবা প্রতিপক্ষ রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংঘর্ষের ঘটনা। মঙ্গলবার (২০ অক্টোবর) বিকেলে রাজধানীর পুরানা পল্টনে ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় কার্যালয়ে দলের নিয়মিত সভায় সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। গাজী আতাউর রহমান বলেন, এসব পরিসংখ্যান উদ্বেগজনক। দেশে শক্তিশালী সরকার, আইন-আদালতের প্রতি মানুষের আস্থা এবং আইনের যথাযথ প্রয়োগ থাকলে এত বিপুলসংখ্যক মানুষকে প্রাণ হারাতে হতো না। নয় মাসের অধিকাংশ সময় বিএনপি ক্ষমতায় ছিল উল্লেখ করে তিনি বলেন, দায়িত্ব গ্রহণের সাত মাস পেরিয়ে গেলেও আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে না পারা সরকারের ব্যর্থতাকেই তুলে ধরে। তিনি আরও বলেন, নানা ব্যর্থতা ও অসদাচরণের দায়ে সরকারের এমপি-মন্ত্রীদের পদত্যাগ করার বা করানোর যে সংস্কৃতি শুরু হয়েছে, তা ইতিবাচক। এ ধারাবাহিকতা বজায় রাখা উচিত। একই সঙ্গে আইনশৃঙ্খলার দায়িত্বে থাকা কর্মকর্তাদেরও জবাবদিহির আওতায় আনতে হবে। দলের নিয়মিত সভায় যুগ্ম মহাসচিব মাওলানা শেখ ফজলে বারী মাসউদ, মাওলানা নেছার উদ্দিন ও শাহ ইফতেখার তারিক, সহকারী মহাসচিব কেএম আতিকুর রহমান ও মাওলানা আহমদ আব্দুল কাইয়ুম, দপ্তর সম্পাদক মাওলানা লোকমান হোসাইন জাফরিসহ দলের বিভিন্ন পর্যায়ের নেতারা উপস্থিত ছিলেন। ইসলামী আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় মিডিয়া সেলের প্রধান সমন্বয়ক কেএম শরীয়তুল্লাহ মঙ্গলবার এসব তথ্য জানান।

মাদকবিরোধী অভিযানে ইশরাকের

নেই বলে মন্তব্য করেছেন জামায়াতের আমির ও জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। তবে অভিযানে তার হাতে অস্ত্র না থাকলে ভালো হতো বলে মনে করেন তিনি। মঙ্গলবার (২০ অক্টোবর) দুপুরে চট্টগ্রামে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন শফিকুর রহমান। ইশরাক হোসেনের হাতে অস্ত্র থাকা প্রসঙ্গে জামায়াত আমির বলেন, ‘তার যেটা দরকার ছিল, সেখানে পুলিশ ফোর্স ছিল। সেখানে ইশরাকের হাতে অস্ত্রটা না থাকলে ভালো হতো। ইশরাকের কাজকে নেতিবাচক বলার সুযোগ নেই। তবে একজন জনপ্রতিনিধি বা প্রতিমন্ত্রী প্রকাশ্য দিবালোকে অস্ত্র বহন করলে কিংবা তাকে অস্ত্র দিয়ে আক্রমণ করা হলে, তা অন্যদের জন্য উদাহরণ হয়ে উঠতে পারে। তিনি ভালো উদ্দেশ্যে কাজটি করলেও খারাপ উদ্দেশ্যে অন্য কেউ সেটিকে ব্যবহারের সুযোগ নিতে পারে।’ এর আগে মঙ্গলবার সকালে নগরের চকবাজারের সাফা আর্কেডে পৌরসভা ও ইউনিয়ন দায়িত্বশীল শিক্ষাশিবির এবং নগর জামায়াত আয়োজিত সাবেক সাথী-সদস্য সম্মেলনে প্রধান অতিথি হিসেবে যোগ দেন শফিকুর রহমান। সম্মেলন শেষে মাদক নিয়ন্ত্রণ নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি বলেন, মাদক সমাজকে শেষ করে ফেলেছে। সংসদে মাদক নিয়ন্ত্রণের আইন পাস হয়েছে। তবে শুধু মাদক নিয়ন্ত্রণ নয়, মাদক নির্মূল করতে চান। আসন্ন স্থানীয় সরকার নির্বাচন নিয়েও উদ্বেগ প্রকাশ করেন জামায়াত আমির। তিনি বলেন, স্থানীয় সরকার নির্বাচন নিয়ে আলামত তো ভালো না। একেক জায়গায় গিয়ে সরকারি দলের লোকেরা ঘোষণা দিচ্ছেন, আমাদের দলীয় প্রার্থীদের নির্বাচিত না করলে এখানে কোনো তহবিল বরাদ্দ হবে না, উন্নয়ন হবে না। নগরের জিইসি কনভেনশন সেন্টারে সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে ভিত্তিহীন বক্তব্য ও অপপ্রচারের জবাব দেওয়ার বিষয়ে শফিকুর রহমান বলেন, কোনো কাঁচা কথার জবাব দেওয়ার মতো সময় আমাদের নেই। আমাদের প্রধান কাজ হলো জনগণের বাস্তব সমস্যার সমাধান করা।

ভোট দেওয়া-না দেওয়া

তারেক রহমান। তিনি বলেছেন, সরকার এমনভাবে কাজ করতে চায়, যাতে যারা সরকারকে ভোট দিয়েছেন, তাঁদের পাশাপাশি যারা ভোট দেননি, তাঁরাও সরকারের সেবা ও সুযোগ-সুবিধা পান। একই সঙ্গে সব ধর্মের মানুষকে নিয়ে প্রত্যাশিত বাংলাদেশ গড়ার আহ্বান জানিয়েছেন তিনি। মঙ্গলবার (২০ অক্টোবর) দুপুর পৌনে ১টার দিকে রংপুর নগরের ধর্মসভা রাধাগোবিন্দ মন্দির পরিদর্শন শেষে বক্তব্যে এসব কথা বলেন প্রধানমন্ত্রী। শারদীয় দুর্গোৎসব উপলক্ষে মন্দির পরিদর্শনকালে তিনি মন্দির কর্তৃপক্ষের হাতে ১০ লাখ টাকার অনুদানের চেক তুলে দেন। এর আগে দুপুর ১২টার দিকে নগরের প্রেসক্লাব এলাকায় অবস্থিত মন্দিরে পৌঁছে পূজার্থী ও সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন তিনি। দেশের সব ধর্মের মানুষের শান্তিপূর্ণ সহাবস্থানের ওপর গুরুত্ব দিয়ে প্রধানমন্ত্রী বলেন, হাজার বছর ধরে বিভিন্ন ধর্মের মানুষ এ দেশে একসঙ্গে বসবাস করে আসছেন। আগামী হাজার বছরও যেন সবাই শান্তিতে বসবাস করতে পারেন, সে পরিবেশ বজায় রাখতে হবে। তিনি বলেন, ‘আগামী দিনে আমরা যদি আমাদের প্রত্যাশিত বাংলাদেশকে গড়ে তুলতে চাই, তাহলে আমাদের সকল ধর্মমতের মানুষকে একসঙ্গে দেশের জন্য কাজ করে আমাদের প্রত্যাশিত সেই বাংলাদেশকে গড়ে তুলতে হবে।’ সব এলাকা ও মানুষের জন্য সমানভাবে কাজ করার কথা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, রাষ্ট্রের অর্থনৈতিক অবস্থা বিবেচনায় নিয়ে দেশের বিভিন্ন অঞ্চলে সমবণ্টনের মাধ্যমে উন্নয়ন কার্যক্রম পরিচালনা করতে চায় সরকার। রংপুর মহানগরের উন্নয়নে একটি বৈঠকে ১ হাজার ৮২৫ কোটি টাকার প্রসঙ্গও উল্লেখ করেন তিনি। স্থানীয় সরকারব্যবস্থার মাধ্যমে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের পরিকল্পনা তুলে ধরে তারেক রহমান বলেন, জেলা পরিষদের মাধ্যমে জেলার বিভিন্ন উপজেলা, ইউনিয়ন ও গ্রামে মানুষের প্রয়োজন অনুযায়ী অবকাঠামো গড়ে তোলা হবে। সেতু, কালভার্ট, স্কুল-কলেজসহ প্রয়োজনীয় স্থাপনা পর্যায়ক্রমে নির্মাণ করা হবে, যাতে মানুষ রাষ্ট্রের সুযোগ-সুবিধা পেতে পারেন। এসব কাজ বাস্তবায়নে রাজনৈতিক ও সামাজিক বিভেদ ভুলে সবাইকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, দেশের উন্নয়ন করতে হলে সবাইকে ঐক্যবদ্ধ হতে হবে এবং পারস্পরিক ভেদাভেদ ভুলে সামনে এগিয়ে যেতে হবে। রাজনৈতিক মতপার্থক্য সংসদে আলোচনার মাধ্যমে সমাধানের আহ্বান জানিয়ে তিনি বলেন, জনগণের প্রতিনিধিরা সংসদে তাঁদের বক্তব্য তুলে ধরতে পারেন। সেখানে জনগণ ও রাষ্ট্রের কল্যাণে যে সিদ্ধান্ত ভালো হবে, তা আলোচনার মাধ্যমে গ্রহণ করা উচিত। রাজনৈতিক কর্মসূচির কারণে জনজীবন ব্যাহত না করার ওপরও গুরুত্ব দেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, রাজনৈতিক কর্মকাণ্ডের কারণে মানুষের দৈনন্দিন জীবনযাত্রা, সন্তানদের শিক্ষা, স্বাস্থ্যসেবা, ব্যবসা-বাণিজ্য ও চাকরিতে যেন কোনো ধরনের বিঘ্ন না ঘটে, সেদিকে খেয়াল রাখতে হবে। তারেক রহমান বলেন, দেশের মানুষ স্থিতিশীলতা, শান্তি ও নিরাপত্তা চায়। সরকার এ লক্ষ্যেই কাজ করছে। শিশুদের শিক্ষার সুযোগ নিশ্চিত করা, মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা, কর্মসংস্থান সৃষ্টি এবং দেশে শান্তি-শৃঙ্খলা বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

বাস-ট্রাক সংঘর্ষে পটুয়াখালীর

দায়িত্ব পালন করছিলেন। তার স্ত্রী রুবিনা বেগম মির্জাগঞ্জের সুবিদখালী পূবালী ব্যাংক শাখায় কর্মরত। পারিবারিক সূত্রে জানা গেছে, পূজার ছুটিতে পরিবারের সদস্যদের নিয়ে রাজশাহীতে এক আত্মীয়ের বাড়িতে বেড়াতে যাচ্ছিলেন শহিদুল ইসলাম। সোমবার বিকেল ৪টার দিকে রুবিনা বেগম দুই সন্তানকে সঙ্গে নিয়ে মির্জাগঞ্জ থেকে মাগুরায় স্বামীর কর্মস্থলে যান। পরে মঙ্গলবার সকালে পরিবারের সবাই বাসে করে রাজশাহীর উদ্দেশে রওনা হন। পথে নাটোর এলাকায় বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগতির ট্রাকের সঙ্গে তাদের বহনকারী বাসটির সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই শহিদুল ইসলাম ও তার মেয়ের মৃত্যু হয়। নিহতের বড় ভাই মো. ফারুক হোসেন জানান, পরিবারের সবাই মিলে পূজার ছুটিতে আত্মীয়ের বাড়িতে যাচ্ছিলেন। কিন্তু সড়ক দুর্ঘটনায় তার ভাই ও ভাতিজির মৃত্যু হয়েছে। অন্যদিকে ভাইয়ের স্ত্রী ও ছোট সন্তান গুরুতর আহত অবস্থায় হাসপাতালে চিকিৎসাধীন।

বিশ্বের আবহাওয়া বদলের অন্যতম কারণ ‘এল নিনো’

কীর্তনখোলা ডেস্ক

বিশ্বের আবহাওয়া বদলে দেওয়ার অন্যতম প্রধান কারণ ‘এল নিনো’ গত কয়েক মাস ধরে আরও শক্তিশালী হয়ে উঠছে। এটি এরইমধ্যে বিশ্বজুড়ে আবহাওয়ার স্বাভাবিক রূপ ব্যাপকভাবে বদলে দিয়েছে। চরম আবহাওয়ার পূর্বাভাসের সঙ্গে সংগতি রেখে ইন্দোনেশিয়া, ভারত ও যুক্তরাষ্ট্রের মতো দেশগুলোতে দেখা দিচ্ছে ভয়াবহ দাবানল, নজিরবিহীন বন্যা ও অতি তীব্র তাণ্ডব চালানো ঘূর্ণিঝড়। ওয়ার্ল্ড মেট্রলজিক্যাল অর্গানাইজেশনের (ডব্লিউএমও) বরাত দিয়ে ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদনে বলা হয়, রেকর্ড ভাঙা এই এল নিনো আরও শক্তিশালী হতে পারে এবং এটি অন্তত ২০২৭ সাল পর্যন্ত স্থায়ী হওয়ার আশঙ্কা রয়েছে। ‘এল নিনো’ হলো প্রশান্ত মহাসাগরের নিরক্ষীয় অঞ্চলের পানির তাপমাত্রা অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাওয়ার একটি প্রাকৃতিক আবহাওয়াগত প্রক্রিয়া। সমুদ্রের পানি অতিরিক্ত গরম হয়ে যাওয়ার ফলে বিশ্বজুড়ে বাতাসের স্বাভাবিক প্রবাহ বদলে যায়, যা বৈশ্বিক আবহাওয়াকে ওলটপালট করে দেয়। এর প্রভাবে এশিয়ার বিভিন্ন দেশে চরম খরা ও দাবানল দেখা দেয়, অন্যদিকে আমেরিকা অঞ্চলে সৃষ্টি হয় নজিরবিহীন বন্যা ও অতি শক্তিশালী সামুদ্রিক ঝড়। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসির প্রতিবেদনে বলা হয়, এল নিনোর প্রভাবে ইন্দোনেশিয়ার আবহাওয়া অতিরিক্ত শুষ্ক ও উত্তপ্ত হয়ে ওঠে। এ বছর জানুয়ারি থেকে এখন পর্যন্ত অন্তত ৮ লাখ ৯৫ হাজার ৬৫৭ হেক্টর জমি দাবানলের আগুনে পুড়ে ছাই হয়ে গেছে, যা গ্রেটার লন্ডনের আয়তনের প্রায় ছয় গুণ। এল নিনোর কারণে দেশটিতে বিগত বছরের তুলনায় এ বছর দ্বিগুণ ভূখণ্ড দাবানলের আগুনে পুড়েছে। দাবানলের কারণে ইন্দোনেশিয়ার স্কুলগুলো বন্ধ করতে হয়েছে এবং হাসপাতালে রোগীর সংখ্যা জ্যামিতিক হারে বাড়ছে। সুমাত্রা ও কালিমন্থানের লাখ লাখ মানুষ বিষাক্ত ধোঁয়াশার মুখোমুখি হয়েছে। সেখানে প্রায় ১ লাখ ৭৫ হাজার মানুষ শ্বাসকষ্টজনিত রোগে আক্রান্ত হয়েছে, যার মধ্যে ৪০ হাজারের বেশি শিশু কাশি, ব্রঙ্কাইটিস এবং নিউমোনিয়ার মতো গুরুতর ব্যাধিতে ভুগছে। এদিকে পূর্ব প্রশান্ত মহাসাগরে এল নিনোর প্রভাবে সমুদ্রের তাপমাত্রা বৃদ্ধি পেয়েছে এবং বায়ুমণ্ডলের ওপরের স্তরে বাতাসের গতি কমে গেছে। এটি ঝড়গুলোকে দ্রুত শক্তিশালী হয়ে ওঠার সুযোগ করে দিচ্ছে। চলতি মৌসুমে এখন পর্যন্ত ২২টি ঝড় ও ১২টি হ্যারিকেন তৈরি হয়েছে, যার ১০টিই ছিল খুবই শক্তিশালী। মৌসুম শেষ হতে এখনও দুই মাস বাকি থাকলেও, গড়ে যতগুলো হ্যারিকেন তৈরি হয় সেই রেকর্ড ইতোমধ্যেই পার হয়ে গেছে। সম্প্রতি হ্যারিকেন পলো এল নিনোর সৃষ্ট উষ্ণ পানির প্রভাবে দ্রুত রূপ বদলে ঘণ্টায় ২৮৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া তৈরি করে। পলো ছাড়াও একই সময়ে একই অঞ্চলে ‘ওদালিস’ এবং ‘নোলো’ নামে আরও দুটি হ্যারিকেন অবস্থান করছিল। এক মাসের ব্যবধানে গত সেপ্টেম্বর মাসেই দুইবার একই সঙ্গে তিনটি করে হ্যারিকেন তৈরি হতে দেখা গেছে। ২০১৫ সালের পর একই সময়ে প্রশান্ত মহাসাগরে এমন তিনটি হ্যারিকেনের উপস্থিতি আর দেখা যায়নি। পশ্চিম প্রশান্ত মহাসাগরে ‘মেসাক’ এবং ‘দুজিয়ান’-এর মতো বেশ কিছু শক্তিশালী ঘূর্ণিঝড়ের প্রভাবে পূর্ব চীন ও জাপানে বিস্তীর্ণ এলাকায় বন্যা-ভূমিধস দেখা দিয়েছে। জাপান মেট্রলজিক্যাল এজেন্সি তথ্যমতে, পশ্চিম প্রশান্ত মহাসাগরে এ বছর ১০টি ক্রান্তীয় ঘূর্ণিঝড় তৈরি হয়েছে, যা ১৯৬৬ সালের পর এক মৌসুমে সর্বোচ্চ। সাধারণত এল নিনোর সময়ে প্রশান্ত মহাসাগর উত্তপ্ত থাকায় ঘূর্ণিঝড়গুলো স্থলভাগ থেকে কিছুটা দূরে (পূর্ব দিকে) তৈরি হয়। এর ফলে সমুদ্রের ওপর দিয়ে যাওয়ার সময় গরম পানি থেকে শক্তি নিয়ে ঝড়গুলো আরও শক্তিশালী হয় এবং উপকূলে পৌঁছানোর আগেই বিধ্বংসী টাইফুনে পরিণত হয়। বিজ্ঞানীরা ধারণা করছেন, এই বছরের বাকি সময়ে আরও টাইফুন তৈরি হতে পারে, যা চীন ও জাপানে নতুন করে দুর্যোগ সৃষ্টি করতে পারে। এদিকে ঠিক বিপরীত চিত্র দেখা যাচ্ছে আটলান্টিক মহাসাগরে। উত্তর আটলান্টিকে এল নিনোর প্রবল বাতাসের কারণে ঝড়গুলো তৈরি হতে বাধা পাচ্ছে। ফলে এই মৌসুমে সেখানে কেবল একটি মাত্র হ্যারিকেন ‘ইসায়াস’ গঠিত হয়ে যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা ও অ্যালাবামায় আঘাত হানে। কৃত্রিম উপগ্রহের যুগ (ষাটের দশক) শুরুর পর থেকে এটিই সবচেয়ে দেরিতে গঠিত হওয়া হ্যারিকেনের রেকর্ড। অথচ, অন্যান্য বছর এই সময়ে গড়ে অন্তত ১০টি গ্রীষ্মমণ্ডলীয় ঝড়, ৫টি হ্যারিকেন এবং ২টি প্রধান হ্যারিকেন তৈরি হয়। এ বছর এখন পর্যন্ত সেখানে মাত্র ৮টি গ্রীষ্মমণ্ডলীয় ঝড় দেখা গেছে। বিবিসির প্রতিবেদনে অনুযায়ী, ভারতেও এল নিনোর প্রভাবে আবহাওয়া শুষ্ক ও উত্তপ্ত হয়ে উঠেছে। কৃষিকাজের জন্য অতি প্রয়োজনীয় মৌসুমি বৃষ্টিপাত স্বাভাবিকের চেয়ে প্রায় ১৩ শতাংশ কম হয়েছে। ভারতে বৃষ্টিপাতের এই ঘাটতি স্বাভাবিক মনে হলেও অঞ্চলভিত্তিক তারতম্য ছিল আশঙ্কাজনক। মধ্য ভারতে স্বাভাবিক বৃষ্টি হলেও পূর্ব ও উত্তর-পূর্বাঞ্চলে স্বাভাবিকের চেয়ে ২৬ শতাংশ কম বৃষ্টিপাত হয়ে ‘ব্যতিক্রমী খরা’ দেখা দিয়েছে। এছাড়া দক্ষিণ ভারতের রাজ্যগুলোতে বৃষ্টিপাত কমেছে ২৪ শতাংশ। যেখানে বৃষ্টি হয়েছে, সেখানে দীর্ঘ অনাবৃষ্টির পর হঠাৎ অতিবৃষ্টির মতো ঘটনা ঘটেছে। এটি ভারতের কৃষিপণ্যের উৎপাদনে চরম ঝুঁকি ও অনিশ্চয়তা তৈরি করেছে।

ইশরাককে পদত্যাগ

সন্ত্রাস ও মাদক বিরোধী অভিযানে আইনশৃঙ্খলা বাহিনীর শৈথিল্য বা ব্যার্থতার কারণে জনকল্যাণে একজন জনপ্রতিনিধি বিষয়টিকে উপেক্ষা না করে জনগণকে সাথে নিয়ে মাদকের বিস্তার রোধে জনস্বার্থে প্রয়োজনীয় পদক্ষেপ নিতেই পারেন। জনস্বার্থে প্রতিমন্ত্রী ইশরাক হোসেন নির্বাচিত একজন জনপ্রতিনিধি হিসেবে তার অনুসারীদের সঙ্গে নিয়ে অভিযান পরিচালনা করেন। তরুণ সাহসী জনবান্ধব একজন জনপ্রতিনিধির এমন সাহসী পদক্ষেপকে স্বাগত না জানিয়ে দমিয়ে দেয়া আধিপত্যবাদী অপশক্তির দেশ বিরোধী চক্রান্তেরই অংশ।

জনপ্রতিনিধি হিসেবে কোনো ব্যক্তি জনস্বার্থে মাফিয়া গংয়ের আশির্বাদপুষ্ট মাদক কারবারিদের দমনে নিজ নিরাপত্তা ঝুঁকি বিবেচনায় রেখে লাইসেন্সকৃত আগ্নেয়াস্ত্র বহন ও প্রয়োজনে প্রদর্শন, এমনকি ব্যবহারও করতে পারেন। তাতে দোষের কি? লাইসেন্সকৃত আগ্নেয়াস্ত্র তো শুধু পকেটে কিংবা ঘরে সংরক্ষণের জন্য নয়। লাইসেন্স প্রাপ্ত বিশিষ্ট জনের নিরাপত্তা ঝুঁকি মোকাবেলার জন্যই এই লাইসেন্স অনুমোদন দেয়া হয়। জনআকাঙ্ক্ষা বিরোধী এধরনের সিদ্ধান্ত মাদক কারবারি ও সন্ত্রাসীদের আরো উৎসাহী ও বেপরোয়া করে তুলবে।

প্রধানমন্ত্রী জনাব তারেক রহমানের মাদক বিরোধী জিরো টলারেন্স নীতির বাস্তবায়নে যে কারো কোনো ভুল হয়ে থাকলে তা শোধরাতে সতর্ক করা যেতে পারে। লাইসেন্সকৃত অস্ত্র হাতে মাদকসেবী ও কারবারিদের ধাওয়া করায় প্রতিমন্ত্রীকে পদত্যাগ করানো কোনো শুভ লক্ষণ নয়। জনস্বার্থ বিরোধী এমন সিদ্ধান্ত কোনো ভাবেই দেশপ্রেমিক জনতার কাছে গ্রহণযোগ্য নয়।

গণমাধ্যমের যে সকল ব্যক্তি প্রতিমন্ত্রী ইশরাক হোসেনের মাদক বিরোধী পদক্ষেপকে কোনো যুক্তি ছাড়াই সমালোচনা করছেন, তারা মূলত: মাফিয়া গং ও আধিপত্যবাদী অপশক্তির দোসর হিসেবে কাজ করছেন।

“একজন প্রতিমন্ত্রী ইশরাক সাহেব কি করে এমন কাজটি করলেন? কিভাবে এমন কাজ করতে পারলেন?”- এগুলো আবেগী কথাবার্তা, এগুলো কোনো যুক্তি নয়। কোথাও আইনের ব্যত্যয় হয়েছে কিনা- জানা থাকলে সেই ব্যাখ্যাটি দেন। অন্যথায় চুপ থাকুন। নইলে দেশপ্রেমিক দেশবাসীর কাছে মাফিয়া দোসর কিঙবা আধিপত্যবাদী অপশক্তির দোসর হিসেবেই চিহ্নিত হয়ে থাকবেন, যা ভবিষ্যতে আপনাদের জন্য কল্যাণ বয়ে আনবে না।

সাব্বির নেওয়াজ সাগর
সংস্কৃতিসেবী

দোকানে মিলছে এনআইডি সার্ভারের

চলে যাওয়ার অভিযোগ ওঠার পর এই কঠোর বার্তা জারি করেছে কমিশন। সম্প্রতি অনুষ্ঠিত নির্বাচন কমিশনের মাসিক সমন্বয় সভায় কর্মকর্তাদের এমন বার্তা দিয়েছে সংস্থাটি। ইসি জানায়, সম্প্রতি বিভিন্ন গোপন অনুসন্ধানে এনআইডি সার্ভারের ইউজার আইডি ও পাসওয়ার্ড সাধারণ ফটোকপি ও কম্পিউটারের দোকানে পাওয়া যাওয়ার মতো চাঞ্চল্যকর চিত্র উঠে আসে। এমন স্পর্শকাতর তথ্য ফাঁসের বিষয়টি নজরে আসার পরই কঠোর অবস্থান নেয় ইসি। নির্দেশনায় ইসি উল্লেখ করে, জাতীয় পরিচয়পত্র সংশোধন, নতুন কার্ড ইস্যু কিংবা তথ্য পরিবর্তনের কাজে ব্যবহৃত কোনো ধরনের ইউজার আইডি ও পাসওয়ার্ড কারও সঙ্গে কোনো অবস্থাতেই শেয়ার বা হস্তান্তর করা যাবে না। যদি এর কোনো ব্যতিক্রম ঘটে বা নিরাপত্তা বিঘ্নিত হয়, তবে সংশ্লিষ্ট কর্মকর্তা বা কর্মচারীকে ব্যক্তিগতভাবে তার পুরো দায়িত্ব নিতে হবে এবং তাদের বিরুদ্ধে বিভাগীয় ও আইনি ব্যবস্থা গ্রহণ করা হবে। একই সঙ্গে নাগরিকদের এনআইডি সেবা প্রাপ্তি সহজ ও দ্রুত করতে জাতীয় পরিচয়পত্র সংশোধন সংক্রান্ত বিদ্যমান নীতিমালা ও স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (এসওপি) পুনর্বিবেচনার সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। সংশোধন কার্যক্রম আরও গতিশীল, স্বচ্ছ ও সেবামুখী করার লক্ষ্যে বিদ্যমান এসওপি পরিবর্তন ও পরিমার্জনের নতুন প্রস্তাব উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট দপ্তরকে প্রয়োজনীয় দিকনির্দেশনা দেওয়া হয়েছে।

খায়রাবাদ নদীর ভাঙনে

বন্ধ থাকায় কোমলমতি শিশুরা বিদ্যালয়ে যেতে পারছে না। সবচেয়ে বেশি বিপদে পড়েছেন গর্ভবতী নারী ও বয়স্ক অসুস্থ রোগীরা; যাতায়াতের মাধ্যম না থাকায় অনেকে সময়মতো চিকিৎসাসেবা পাচ্ছেন না। এমন পরিস্থিতিতে নদীভাঙন রোধে ও ক্ষতিগ্রস্তদের পুনর্বাসনের দাবিতে সোচ্চার হয়েছেন ভুক্তভোগীরা। ‘খায়রাবাদ নদী ভাঙন প্রতিরোধ সংগ্রাম কমিটি’র ব্যানারে তারা পানিবন্দী এলাকা রক্ষায় দ্রুত পদক্ষেপ নেয়ার দাবি জানিয়েছেন।’ সংগ্রাম কমিটির আহ্বায়ক মো. রুহুল আমিন হাওলাদার ও সদস্য সচিব মো. রমজান আইকন হৃদয় বলেন, “নদীর তীব্র ভাঙনে ইতোমধ্যে শতাধিক পরিবার ঘরবাড়ি হারিয়ে নিঃস্ব হয়ে পড়েছে। জরুরি ভিত্তিতে নদীভাঙন বন্ধ না করা গেলে পুরো গ্রাম মানচিত্র থেকে হারিয়ে যাবে। আমরা পানিবন্দী মানুষকে রক্ষায় পানি উন্নয়ন বোর্ডকে দ্রুত বেড়িবাঁধ নির্মাণ অথবা জিও ব্যাগ ফেলার জোর দাবি জানাচ্ছি।” নলছিটি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) প্রতীক কুমার কুণ্ডু বলেন, “খায়রাবাদ নদীর তীব্র ভাঙনের বিষয়টি সম্পর্কে অবগত হয়েছি। অচিরেই ঘটনাস্থল পরিদর্শন করে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।” এ বিষয়ে জানতে ঝালকাঠি পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী নিলয় পাশার ব্যবহৃত মুঠোফোনে একাধিকবার কল করা হলেও তাঁর মন্তব্য পাওয়া যায়নি।

অপহরণের ৬ মাস পর উদ্ধার

এবং সহযোগীদের সহায়তায় কিশোরীকে অপহরণ করেন বলে অভিযোগে উল্লেখ করা হয়েছে। ওই কিশোরী স্কুল থেকে বাড়ি না ফেরায় স্বজনেরা বিভিন্ন স্থানে খোঁজাখুঁজি করেন। পরে আসামিদের বাড়িতে গিয়ে তাঁর খোঁজ করলে তাঁদের গালিগালাজ ও হত্যার হুমকি দেওয়া হয়। থানায় অভিযোগ বা মামলা করলে কিশোরীকে হত্যা করা হবে বলেও হুমকি দেওয়া হয়েছিল বলে অভিযোগ করেন কিশোরীর স্বজনেরা। কিশোরীর বাবা অভিযোগ করেন, মেয়েকে খুঁজে না পেয়ে গত ২৪ এপ্রিল তিনি মুলাদী থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেন। পরে ২ মে সকালে মামলা করতে গেলে তা গ্রহণ না করে তাঁকে আদালতে যাওয়ার পরামর্শ দেওয়া হয়। এরপর তিনি বরিশালের নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালে মামলা করেন। গত ২৯ জুন ট্রাইব্যুনালের বিচারক জ্যেষ্ঠ জেলা ও দায়রা জজ মোহাম্মদ রকিবুল ইসলাম মামলাটি আমলে নিয়ে নিয়মিত মামলা নথিভুক্ত করতে মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ দেন। পরে ১ জুলাই মুলাদী থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলাটি নথিভুক্ত করা হয়। এতে পাঁচজনকে আসামি করা হয়। মুলাদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খন্দকার মো. সোহেল রানা বলেন, এসআরবির সহায়তায় অপহরণ মামলার দুই আসামিকে গ্রেফতার ও স্কুলছাত্রীকে উদ্ধার করা হয়েছে। উদ্ধার হওয়া ছাত্রীর বক্তব্য গ্রহণ, পরীক্ষা ও চিকিৎসাসংক্রান্ত কার্যক্রম আইন অনুযায়ী সম্পন্ন করা হবে। পলাতক আসামিদের গ্রেপ্তারে অভিযান চলছে।

কাউখালীতে টেইলার্স ব্যবসায়ীর

স্বপনের সঙ্গে তার স্ত্রীর বিরোধ চলছিল। তিনি দোকানের কাজে মনোযোগ না দিয়ে মোবাইল গেম খেলায় বেশি সময় ব্যয় করতেন বলে জানা গেছে। এ নিয়ে তাদের মধ্যে প্রায়ই কথাকাটাকাটি হত। ঘটনার আগে তার স্ত্রী মোবাইল নিয়ে গিয়েছিলেন বলেও স্থানীয় সূত্রে জানা গেছে। তবে এসব তথ্যের সঙ্গে ঘটনার সরাসরি সম্পর্ক রয়েছে কি না, তা নিশ্চিত হওয়া যায়নি। কাউখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আনোয়ার হোসেন জানান, পুলিশ মরদেহ উদ্ধার করেছে। ময়নাতদন্তের জন্য মরদেহ মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে। এ ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

ভাণ্ডারিয়ায় পূজামণ্ডপ পরিদর্শনে

অফিসার ইনচার্জ দেওয়ান জগলুল হাসান, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মনির হোসেন আকন, যুগ্ম সাধারণ সম্পাদক দেলোয়ার হোসে বিপ্লব, সাংগঠনিক সম্পাদ আবুল কালাম আজাদ (মলাত) জোমাদ্দার, সাবেক সদর ইউপি চেয়ারম্যান মো.গোলাম সরোয়ার জোমাদ্দার,সাবেক উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জল তালুকদার, প্রবীণ সমাজসেবক মো.জুলফিকার আলী হায়দার হাওলাদার, উপজেলা যুবদলের সদস্য সচিব এইচ এম শামীমসহ বিভিন্ন পর্যায়ের জ্যেষ্ঠ নেতৃবৃন্দ। পরে প্রতিমন্ত্রী আহম্মেদ সোহেল মনজুর সুমনএমপি উপজেলার ২নম্বর শিয়ালকাঠী ইউনিয়নের বল বাড়ি দুর্গা মন্দির পরিদর্শন করেন। এসময় মন্দিরের পক্ষ থেকেও তাকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। এসময় তার সাথে সফরসঙ্গীগণ উপস্থিত ছিলেন। এদিকে মঙ্গলবার দুপুরে প্রতিমন্ত্রী ভাণ্ডারিয়া উপজেলার বিভিন্ন এলাকার চলমান উন্নয়ন কাজের পরিদর্শন করেন। এসময় তার সাথে উপরোক্ত সফরসঙ্গী ছাড়াও সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মেঘনায় ২০ জেলে আটক

নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়। নৌ পুলিশ সূত্রে জানা গেছে, অভিযানে হিজলা নৌ পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক (নিরস্ত্র) মো. ইয়াছিনুল হকসহ হিজলা ফাঁড়ি, আবুপুর ও অন্তর্বাম পুলিশ ক্যাম্পের তিনটি যৌথ আভিযানিক দল অংশ নেয়। মেঘনা নদী ও এর শাখা নদীর ধুলখোলা, হিজলা, বাউশিয়া, হরিনাথপুর এবং অন্তর্বাম সীমানা এলাকায় এ তদারকি চালানো হয়। অভিযানকালে নদী থেকে সব মিলিয়ে মোট ৪২ কেজি মা ইলিশ উদ্ধার করা হয়। মৎস্য কর্মকর্তার উপস্থিতিতে উদ্ধারকৃত বিপুল পরিমাণ পরিত্যক্ত কারেন্ট জাল আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয়েছে। এ ছাড়া জব্দ ও উদ্ধার করা মা ইলিশ স্থানীয় বিভিন্ন এতিমখানা এবং গরিব, অসহায় ও দুস্থ মানুষের মাঝে বিতরণ করা হয়। হিজলা পুলিশ ফাঁড়ির ইনচার্জ পরিদর্শক মো. ইয়াছিনুল হক জানান, আইন অমান্য করে মাছ শিকারের অপরাধে আটককৃত ২০ জন জেলের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। জাতীয় সম্পদ মা ইলিশ রক্ষা এবং সরকারি নিষেধাজ্ঞা শতভাগ বাস্তবায়নে নদীতে পুলিশের এমন বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

২৯ অক্টোবর এইচএসসির

এইচএসসি, আলিম, এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোকেশনাল) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় ১১টি বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১২ লাখ ৭০ হাজার ৫৮৩ জন। উল্লেখ্য, এ বছর পরীক্ষার জন্য মোট কেন্দ্রের সংখ্যা দুই হাজার ৬৯৭টি এবং অংশগ্রহণকারী শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা ৯ হাজার ৪৩৯টি।

উন্নয়ন কাজে বিএনপি নেতার বাঁধা

বা সিএসআর খাত থেকে প্রায় ২২ লক্ষ টাকার একটি প্রকল্প পাশ হয়। কালাইয়া বন্দর পূবালী ব্যাংক শাখা কর্তৃপক্ষ কাজ শুরু করতে গেলে বিএনপি নেতা সালাম খান পুকুর পাড়ের জমি নিজের দাবি করে ইউএনও কাছে লিখিত অভিযোগ দেন। পরে ওই জমি নিয়ে আদালতে মামলা চলমান থাকায় কাজ বন্ধ রাখার নির্দেশ দেন ইউএনও। এদিকে, সরকারি পুকুরের পাড়ের সংস্কার ও উন্নয়ন কাজে বাঁধা দেওয়ায় ফুসে উঠেছেন স্থানীয় ব্যবসায়ী ও সাধারণ নাগরিকেরা। ব্যবসায়ীরা সরকারি পুকুর পাড়ের উন্নয়ন কাজের বাঁধার প্রতিবাদ জানিয়ে মানববন্ধনে বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজসেবক আবুল হাসান মুনসুর, ব্যবসায়ী হাজী আব্দুল খালেক সরদার, সুমন হোসেন, মো. রুহুল কাজী, জাকির মুন্সী, আবদুল মালেক ও রাজন মনসুর সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিও ব্যবসায়ীরা। বক্তারা বলেন,‘ সালাম একজন ভূমিদস্যু। জাল-জালিয়াতির মাধ্যমে বন্দরের ১৫০ শতাংশ খাস জমির মালিকা দাবি করেন। বিগত আওয়মী সরকারের আমলে সরকারের কিছু অসাধু কর্মকর্তাদের অর্থের মাধ্যমে ম্যানেজ করে কিছু জাল কাগজপত্র বানিয়েছেন। সেই জাল জালিয়াতির কাগজ দিয়ে বিভিন্ন দপ্তরে গিয়ে খাস জমি নিজের দাবি করেন।সরকারের খাস জমি উদ্ধার ও বন্দরের উন্নয়ন কাজ চালু করার জন্য সরকারের কাছে দাবি জানান স্থানীয় ব্যবসায়ী ও সাধারণ নাগরিকরা। কালাইয়া মার্চেন্টপট্রি ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক নুরুল ইসলাম সিদ্দিকী বলেন, কালাইয়া বন্দর দক্ষিাঞ্চলের ব্যবসা-বাণিজ্যের অন্যতম গুরুত্বপূর্ণ কেন্দ্র। এ বন্দরের সঙ্গে স্থানীয় ব্যবসায়ী, ক্ষুদ্র উদ্যোক্তা, শ্রমজীবী মানুষ ও সাধারণ বাসিন্দাদের জীবন-জীবিকা জড়িত। বন্দরের জমি ও মালিকানা নিয়ে কোনো বিরোধ থাকলে তা প্রচলিত আইন ও প্রশাসনিক প্রক্রিয়ার মাধ্যমে নিষ্পত্তি করতে হবে। একই সঙ্গে বন্দরের সার্বিক উন্নয়ন, ব্যবসায়ীদের স্বাভাবিক কার্যক্রম এবং জনস্বার্থ রক্ষায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে কার্যকর পদক্ষেপ নেওয়ার দাবী জানান। অভিযোগ অস্বিকার করে সালাম খান বলেন, এই জায়গা সংশ্লিষ্ট দপ্তর আমাকে বন্দোবস্ত দিয়েছে। নিম্ন আদালতের রায় আমার পক্ষে রয়েছে। সরকার আপিল করলে উচ্চ আদালত ওই জায়গার ওপর নিষেজ্ঞা দেয়। জায়গার সপক্ষে আমার সকল প্রমানাদি উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবর জমা দেওয়া আছে। আমার বিরুদ্ধে যা রটানো হচ্ছে তা স্রেফ অপপ্রচার। উপজেলা নির্বাহী কর্মকর্তা সালেহ আহম্মেদ বলেন, সৌন্দর্য বর্ধনের কাজটি সম্পন্ন হোক তা আমি নিজেও চেয়েছি। কিন্ত নির্ধারিত জায়গায় আদালতের নিষেধাজ্ঞা থাকায় কাজটি সম্পন্ন করা যায়নি। পূবালী ব্যাংক কালাইয়া বন্দর শাখার ব্যবস্থাপক রুবাইয়াত মোর্শেদ মিশুক বলেন, সামাজিক দায়বদ্ধতা (কর্পোরেট সোশ্যাল রেসপর্নিস্বলিটি বা সিএরআর) খাত থেকে প্রতিবছর আমরা সামাজিক উন্নয়ন কাজ করে থাকি। এ বছর ২২ লাখ ব্যয়ে পুকুরের পাড় সংস্কার ও সৌন্দয্য বর্ধণের জন্য প্রকল্প পাশ হয়, তবে সালাম নামে এক ব্যক্তি পুকুর পাড়ের জমির মালিকানা দাবি করেন। যে কারণে কাজটি স্থগিত হয়ে আছে।

পূজা দেখে ফেরার পথে ট্রলারডুবি

পরই অতিরিক্ত বোঝার কারণে নিয়ন্ত্রণ হারিয়ে নদীতে ডুবে যায়। ঘটনার প্রত্যক্ষদর্শী ও ট্রলারের এক যাত্রী জানান, ধারণক্ষমতার চেয়ে অতিরিক্ত যাত্রী ও কয়েকটি ভারী বাইক ওঠানোর কারণে ট্রলারটি ভারসাম্য হারিয়ে ফেলে এবং নাজিরপুর প্রান্তেই ডুবে যায়। অধিকাংশ যাত্রী সাঁতরে ও স্থানীয়দের সহায়তায় কূলে উঠতে সক্ষম হলেও সংকর বেপারীর স্ত্রী ও শিশু সন্তান নিখোঁজ হন। দুর্ঘটনাকবলিত স্থান ও নিখোঁজদের উদ্ধার পরিস্থিতি তদারকি করতে দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হন নাজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া শাহনাজ তমা, সহকারী কমিশনার (ভূমি) মো. আহসান হাবিব এবং অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) নাসরিন জাহান। এ ঘটনায় নাজিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তরিকুল ইসলাম জানান, নাজিরপুরের শ্রীরামকাঠি প্রান্তে অতিরিক্ত যাত্রী বোঝাইয়ের কারণে দুর্ঘটনা ঘটেছে। এ ঘটনায় মা ও মেয়ে নিখোঁজের পরে রাত ১১টার দিকে মেয়েকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়। পরে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন। পিরোজপুর ফায়ার সার্ভিসের উপ পরিচালক রায়হানুর আশরাফ বলেন, ট্রলার দুর্ঘটনায় মা ও মেয়ে নিখোঁজের পরে মেয়েকে মৃত অবস্থায় উদ্ধার করা হয়। নাজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাজিয়া শাহনাজ তমা বলেন, রাত নয়টার দিকে অতিরিক্ত যাত্রী বোঝাই ট্রলারের এক পাশ কাত হয়ে ট্রলারে থাকা যাত্রীরা নদীতে পড়ে যান। ট্রলারে থাকা অন্যান্য যাত্রীরা উঠতে পারলেও মা ও মেয়ে উঠতে পারেনি। পরে ফায়ার সার্ভিসের ডুবুরি দলের সহযোগিতায় মেয়েকে মৃত অবস্থায় উদ্ধার করা হয় এবং মাকে এখন উদ্ধার করা সম্ভব হয়নি। এ ঘটনায় কারো অবহেলা থাকলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বরিশালে ডেঙ্গুতে দুই নারীর

৭১৩ জন। তাদের মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১৪ হাজার ৯৮৫ জন। বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন ৭০০ জন। এ পর্যন্ত মৃত্যু হয়েছে ২৮ জনের। বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. মো. রেফায়েতুল হায়দার বলেন, বর্তমানে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা উদ্বেগজনক। এ পরিস্থিতি থেকে বের হতে হবে। চিকিৎসার চেয়ে প্রতিরোধ জরুরি। চিকিৎসাসেবার সক্ষমতার মধ্যে থাকতে হবে। সক্ষমতার বাইরে চলে গেলে কিছু করার থাকবে না। তিনি আরও বলেন, মশার বিস্তার রোধে বাড়ির আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। মশার কামড় থেকে বাঁচতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

ঢাকা-বরিশাল মহাসড়কের পাশে ময়লার

হয়ে পড়েছে।’ তিনি বলেন, ‘নীলখোলা ব্রিজের উত্তর দিকে মহাসড়কের পাশে দেওয়ান বাড়ি মসজিদ। ওই মসজিদের সামনেই ময়লার ভাগাড় আবার মহাসড়কের দুইপাশেই অসংখ্য ঘরবাড়ি। ময়লার দুর্গন্ধে মসজিদে মুসল্লিদের যেমন নামাজ পড়তে কষ্ট হচ্ছে, তেমনি বসতবাড়িতে থাকা লোকজন অতিষ্ঠ হয়ে পরছে। আমরা ময়লার দুর্গন্ধ থেকে পরিত্রাণ চাই।’ স্থানীয় মিজান সরদার ও সুমন তালুকদার বলেন, এখানে শুধু টরকী এলাকার ময়লা নয়, আশপাশের এলাকার ময়লা এনে ভাগাড়ে ফেলা হচ্ছে। শুধু ময়লা নয়, মানুষের বাসাবাড়িতে কোনো প্রাণী মারা গেলে তাও এনে ফেলা হচ্ছে। ভাগের দুর্গন্ধে মহাসড়কের ওই স্থান দিয়ে চলাচল করা কষ্টসাধ্য। ভাগারের পাশ দিয়ে পথচারীদের নাক চেপে চলাচল করতে হচ্ছে। তারা আরও বলেন, উন্মুক্ত স্থানে রাখা ময়লায় কিছুদিন পরপরই আগুন ধরে যাচ্ছে। যে কারণে আগুনের ধোঁয়ায় বায়ু দূষণ হচ্ছে। সেই বায়ুতে আশপাশের লোকজন ও পথচারীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এ বিষয়ে গৌরনদী উপজেলা বিএনপির সিনিয়র যুগ্মআহবায়ক বদিউজ্জামান মিন্টু বলেন, ‘মহাসড়কের পাশের ভাগাড় পরিবেশ দূষণ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি। ময়লা দুর্গন্ধ থেকে জনসাধারণদের রক্ষায় ডাম্পিং স্টেশন নির্মাণের জন্য আমরা পৌর কর্তৃপক্ষকে অনুরোধ জানাব।’ উপজেলা নির্বাহী অফিসার মো. ইব্রাহীম বলেন, ‘ডাম্পিং স্টেশন তৈরির পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। এটি বাস্তবায়িত হলে মহাসড়কের পাশে ময়লা ফেলার সমস্যা সমাধান হয়ে যাবে।’

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম

পাল্টাপাল্টি হামলার কারণে বৈশ্বিক জ্বালানি বাজারে অস্থিরতা বেড়েছে। উপসাগরীয় অঞ্চলে জাহাজ চলাচলের নিরাপত্তা নিয়ে উদ্বেগের পাশাপাশি রাশিয়া ও ইউক্রেনের মধ্যে জ্বালানি ও অন্যান্য অবকাঠামোয় পাল্টাপাল্টি হামলার প্রভাব পড়ছে তেলের বাজারে। এসব ভূরাজনৈতিক ঝুঁকির কারণে তেলের দাম ঊর্ধ্বমুখী রয়েছে। এদিকে, হরমুজ প্রণালিতে মাইনে আঘাত পেয়ে দুটি তেলবাহী জাহাজে আগুন ধরে গেছে বলে জানিয়েছে ইরানের ফার্স সংবাদ সংস্থা। ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) বরাতে এ খবর প্রকাশ করা হয়েছে। আইআরজিসি সতর্ক করে বলেছে, যুক্তরাষ্ট্রের কথিত ‘উসকানিমূলক কর্মকাণ্ড’ অব্যাহত থাকলে তেল কোম্পানিগুলোকে আরও বড় মূল্য দিতে হবে। এছাড়া হরমুজ প্রণালির আকাশে যুক্তরাষ্ট্রের একটি এমকিউ-৯ ড্রোন ভূপাতিত করার দাবি করেছে আইআরজিসি। হরমুজ প্রণালি বিশ্বে জ্বালানি তেল পরিবহনের অন্যতম গুরুত্বপূর্ণ নৌপথ। এই অঞ্চলে উত্তেজনা বাড়লে আন্তর্জাতিক বাজারে তেলের সরবরাহ ও দাম নিয়ে উদ্বেগ তৈরি হয়।

মক্কা-মদিনা ছাড়া সৌদির

নিয়ন্ত্রণাধীন সংবাদ সংস্থা সাবার এক প্রতিবেদনে সামরিক সূত্রের বরাতে বলা হয়েছে, ‘মক্কা ও মদিনা ছাড়া সৌদি আকাশসীমা অনিরাপদ।’ সতর্কবার্তা উপেক্ষা করলে সংশ্লিষ্টদের কোনো অজুহাত গ্রহণ করা হবে না বলেও হুঁশিয়ারি দিয়েছে সূত্রটি। সৌদি আরবের রাষ্ট্রায়ত্ত তেল কোম্পানি আরামকোর শেয়ারহোল্ডারদেরও শেয়ার বিক্রি করে দেওয়ার পরামর্শ দিয়েছে হুতিরা। সামরিক সূত্রটি বলেছে, ‘ক্ষতি এড়াতে আরামকোর শেয়ারহোল্ডারদের অনেক দেরি হওয়ার আগেই শেয়ার তুলে নেওয়ার পরামর্শ দিচ্ছি।’ তবে কী ধরনের পদক্ষেপ নেওয়া হতে পারে, সে বিষয়ে বিস্তারিত কিছু জানায়নি গোষ্ঠীটি। এর আগে সৌদি আরবের নাজরান শহরের একটি আবাসিক এলাকায় ক্ষেপণাস্ত্র বা অন্য কোনো ধরনের প্রক্ষেপণাস্ত্র আঘাত হানার ঘটনায় ছয়জন আহত হওয়ার কথা জানায় দেশটির বেসামরিক প্রতিরক্ষা কর্তৃপক্ষ। এ ছাড়া সৌদি নেতৃত্বাধীন জোট জানিয়েছে, হুতিদের ছোড়া দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংস করা হয়েছে। ক্ষেপণাস্ত্র দুটি সৌদি আরবের খামিস মুশাইত শহর লক্ষ্য করে ছোড়া হয়েছিল। অক্টোবরের শুরু থেকে সৌদি নেতৃত্বাধীন জোট ও হুতিদের মধ্যে সংঘাত এবং আঞ্চলিক নিরাপত্তা উত্তেজনা বেড়েছে। হুতিদের সক্ষমতা লক্ষ্য করে বড় পরিসরে অভিযান চালানোর ঘোষণা দিয়েছে জোটটি। পাল্টা সৌদি আরবের বিমানবন্দর ও বিভিন্ন স্থাপনা লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়েছে হুতিরা।

যুক্তরাষ্ট্র-রাশিয়া-চীন সম্মেলন বিশ্বে ইতিবাচক প্রভাব ফেলবে: রুবিও

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্র, রাশিয়া ও চীনের নেতাদের মধ্যে সম্ভাব্য ত্রিপক্ষীয় শীর্ষ সম্মেলন বিশ্বে ইতিবাচক প্রভাব ফেলবে বলে মন্তব্য করেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। তার মতে, বিশ্বের সবচেয়ে শক্তিশালী তিন পারমাণবিক শক্তিধর দেশের নেতাদের মধ্যে সরাসরি আলোচনা বৈশ্বিক নিরাপত্তা জোরদারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। মঙ্গলবার (২০ অক্টোবর) ভারতে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রুবিও বলেন, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তিন দেশের নেতাদের পর্যায়ে বৈঠকের বিষয়ে আগ্রহ প্রকাশ করেছেন। অস্ত্র নিয়ন্ত্রণের মতো গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনার সুযোগ তৈরি হতে পারে বলে মনে করেন তিনি। রুবিও বলেন, বিশ্বের সবচেয়ে শক্তিশালী তিন পারমাণবিক শক্তিধর দেশের মধ্যে যোগাযোগ হওয়া অস্বাভাবিক কিছু নয়। তার মতে, প্রতিদ্বন্দ্বী দেশগুলোর সঙ্গে কূটনৈতিক আলোচনা করাকে কোনো ধরনের পুরস্কার বা ছাড় হিসেবে দেখা উচিত নয়। তিনি আরও বলেন, প্রতিপক্ষের সঙ্গে যোগাযোগ বজায় রাখাই কূটনীতি ও আলোচনার মূল ভিত্তি। যুক্তরাষ্ট্র, রাশিয়া ও চীনের মধ্যে দীর্ঘদিনের মতপার্থক্য রয়েছে উল্লেখ করে রুবিও বলেন, একটি মাত্র শীর্ষ সম্মেলনের মাধ্যমে এসব বিরোধের অবসান হবে না। তবে মতপার্থক্য থাকা সত্ত্বেও দেশগুলোর মধ্যে যোগাযোগ অব্যাহত রাখা জরুরি। রুবিওর ভাষায়, বিশ্বের সবচেয়ে শক্তিশালী পারমাণবিক অস্ত্রভাণ্ডারের অধিকারী দেশগুলোর নেতারা অন্তত পরস্পরের সঙ্গে যোগাযোগ রাখলে বিশ্ব আরও নিরাপদ থাকে।

হাম উপসর্গে মৃত্যু পৌঁছালো ১১০০ জনে, নিশ্চিত প্রাণহানি ১০৪

কীর্তনখোলা ডেস্ক

দেশে হামের উপসর্গ নিয়ে নতুন কওে তিনজনের মৃত্যু হয়েছে। এই সময়ে ৪২ জনের হাম শনাক্ত এবং এক হাজার ২১৭ জনের মধ্যে হামের উপসর্গ পাওয়া গেছে। মঙ্গলবার (২০ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের হাম-সংক্রান্ত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, হামের উপসর্গে ঢাকা, ময়মনসিংহ ও চট্টগ্রামে একজন করে মারা গেছে। আক্রান্তদের মধ্যে আছে ঢাকায় ৩৪ জন এবং চট্টগ্রামে আটজন। উপসর্গ পাওয়া গেছে- ঢাকায় ৪৯৯, সিলেটে ১২৩, চট্টগ্রামে ২৫১, রাজশাহীতে ৩৩, ময়মনসিংহে ৬৩, বরিশালে ১২৬, খুলনায় ৯৭ এবং রংপুরে ২৫ জনের। গত মার্চ থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে ১০৪ জন মারা গেছে। অন্যদিকে, হামের উপসর্গ নিয়ে মৃত্যু হলো এক হাজার ১০০ জনের। এসময়ের মধ্যে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ২৩ হাজার ১৯৯ জনের আর হামের উপসর্গ পাওয়া গেছে দুই লাখ ১৫ হাজার ৭৬৮ জনের। বিভাগভিত্তিক হিসাব অনুযায়ী, নিশ্চিত হামে সবচেয়ে বেশি ৬৭ রোগী মারা গেছে ঢাকায়। এছাড়া বরিশালে ১৯, চট্টগ্রামে ১০, সিলেট ও রাজশাহীতে তিনজন করে এবং ময়মনসিংহে দুজন মৃত্যুবরণ করেছে। সেই সঙ্গে সন্দেহজনক হামেও সবচেয়ে বেশি ৪৯৪ জনের মৃত্যু হয়েছে ঢাকা বিভাগে। এছাড়া সিলেটে ১৯৩, রাজশাহীতে ৯৩, চট্টগ্রামে ১০২, ময়মনসিংহে ৮৫, বরিশালে ৬৫, খুলনায় ৫১ ও রংপুরে ১৭ জন প্রাণ হারিয়েছে।

৯ মাসে সুপ্রিম কোর্ট হেল্পলাইনে সাত হাজারের বেশি কল, অভিযোগ ২০টি

কীর্তনখোলা ডেস্ক

আইনি পরামর্শ, মামলার খোঁজখবর কিংবা আদালত-সংশ্লিষ্ট অনিয়মের অভিযোগ–বিচারপ্রার্থীদের নানা প্রয়োজনে সহায়তার হাত বাড়িয়ে দিচ্ছে সুপ্রিম কোর্ট হেল্পলাইন। চলতি বছরের প্রথম নয় মাসে সারা দেশ ও বিদেশ থেকে এ হেল্পলাইনে কল করেছেন হাজারো মানুষ। এ সময়ে মোট ৭ হাজার ৩২৮টি কল এসেছে। এর মধ্যে শুধু সেপ্টেম্বর মাসেই এসেছে ৭৭৪টি কল। সুপ্রিম কোর্ট হেল্পলাইন মনিটরিং সেলের সর্বশেষ তথ্যে এ চিত্র উঠে এসেছে। তথ্য অনুযায়ী, গত ১ জানুয়ারি থেকে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত আইনি পরামর্শ, মামলাসংক্রান্ত তথ্য এবং বিভিন্ন অভিযোগ জানাতে এসব কল করা হয়। মনিটরিং সেলের তথ্য অনুযায়ী, গত সেপ্টেম্বরে আসা ৭৭৪টি কলের মধ্যে ১১১টিতে আইনি পরামর্শ চাওয়া হয়। এ ছাড়া ১৮৪টি কল আসে মামলার তথ্য জানতে। এসব ক্ষেত্রে সেবাগ্রহীতাদের তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় তথ্য দেওয়া হয়েছে। তবে হেল্পলাইনে কল করেও সেবা গ্রহণকারীর কোনো প্রত্যুত্তর পাওয়া যায়নি–এমন কলের সংখ্যা ছিল ৩৮০টি। একই মাসে সুপ্রিম কোর্ট ও জেলা আদালত-সংশ্লিষ্ট বিভিন্ন অনিয়ম, দায়িত্বে অবহেলা, সেবা পেতে বিলম্ব ও অসদাচরণের অভিযোগে ২০টি কল আসে। এসব অভিযোগের মধ্যে আইনি সেবা পেতে বিলম্ব, রায়ের কপি না পাওয়া, নথি হারিয়ে যাওয়া এবং মামলা দ্রুত নিষ্পত্তির বিষয়ে করা ১৪টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। বাকি ছয়টি অভিযোগের ক্ষেত্রে অনিয়ম, দায়িত্বে অবহেলা ও অসদাচরণের বিষয়ে ব্যবস্থা নিতে আইনগত পদক্ষেপ নেওয়া হয়েছে। এদিকে রাষ্ট্রের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও শাখার কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানিয়ে সেপ্টেম্বরে আরও ৭৯টি কল আসে। তবে এসব বিষয় সুপ্রিম কোর্টের এখতিয়ারবহির্ভূত হওয়ায় সংশ্লিষ্ট অভিযোগকারীদের করণীয় সম্পর্কে পরামর্শ দেওয়া হয়। বিচারপ্রার্থীদের ভোগান্তি কমানো, আদালত-সংশ্লিষ্ট সেবা সম্পর্কে তথ্য পাওয়া সহজ করা এবং অনিয়মের অভিযোগ জানানোর সুযোগ তৈরির লক্ষ্য নিয়ে সুপ্রিম কোর্ট হেল্পলাইন চালু করা হয়। প্রধান বিচারপতির নির্দেশক্রমে ২০২৫ সালের ১১ ডিসেম্বর সুপ্রিম কোর্ট হেল্পলাইন সেন্টারের উদ্বোধন করা হয়। বর্তমানে ০১৩১৬-১৫৪২১৬ ও ০১৭৯৫-৩৭৩৬৮০ নম্বরে কল এবং হোয়াটসঅ্যাপের মাধ্যমে এ সেবা পাওয়া যাচ্ছে। এ ছাড়া ১০৩ নম্বরে অনলাইন সেবাও চালু রয়েছে। আদালত-সংশ্লিষ্ট তথ্যের জন্য দীর্ঘ অপেক্ষা, আইনি সেবা পেতে বিলম্ব কিংবা বিভিন্ন অনিয়মের অভিযোগ জানানোর ক্ষেত্রে হেল্পলাইনটি বিচারপ্রার্থীদের জন্য একটি যোগাযোগের মাধ্যম হিসেবে কাজ করছে। তবে অভিযোগ নিষ্পত্তির পাশাপাশি সেবার মান ও জবাবদিহি নিশ্চিত করাও এ উদ্যোগের কার্যকারিতা মূল্যায়নে গুরুত্বপূর্ণ।

৯ মাসে রাজনৈতিক সহিংসতায় ৭৩ জন নিহত, বিএনপিরই ৪৬

কীর্তনখোলা ডেস্ক

গত ৯ মাসে দেশে রাজনৈতিক সহিংসতার ১ হাজার ১৩টি ঘটনায় ৭৩ জন নিহত ও ৬ হাজার ৪৭৩ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ক্ষমতাসীন বিএনপিরই ৪৬ জন ও প্রধান বিরোধী দল জামায়াতে ইসলামীর ৮ জন ও কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের ৬ জন রয়েছেন। একই সময়ে মব সহিংসতা ও গণপিটুনির ৩৯৮টি ঘটনায় নিহত হয়েছেন ১৮৭ জন। কারাগারে মারা গেছেন ৯৫ জন বন্দি; আর নির্যাতন ও হয়রানির শিকার হয়েছেন ৫১৮ জন সাংবাদিক। মানবাধিকার সংগঠন হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (এইচআরএসএস) জানুয়ারি-সেপ্টেম্বর ২০২৬-এর মানবাধিকার পর্যবেক্ষণ প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। ১৬টি জাতীয় দৈনিকে প্রকাশিত সংবাদ এবং সংগঠনটির নিজস্ব তথ্য ও অনুসন্ধানী প্রতিবেদন পর্যালোচনা করে প্রতিবেদনটি তৈরি করা হয়েছে। সোমবার (১৯ অক্টোবর) প্রতিবেদনটি প্রকাশ করা হয়েছে। এইচআরএসএসের প্রতিবেদনের তথ্য অনুযায়ী, গত নয় মাসে ১ হাজার ১৩টি রাজনৈতিক সহিংসতার ঘটনায় নিহত হয়েছেন ৭৩ জন এবং আহত হয়েছেন ৬ হাজার ৪৭৩ জন। এর মধ্যে বিএনপির অন্তর্কোন্দলে ৩৪২টি ঘটনায় আহত হয়েছেন ২ হাজার ৬৩২ জন ও নিহত ৪০ জন। বিএনপি-জামায়াতের মধ্যে ৩২১টি সংঘর্ষে আহত হয়েছেন ২ হাজার ১৯০ জন ও নিহত ১১ জন, বিএনপি-আওয়ামী লীগের মধ্যে ৯৩টি সংঘর্ষে আহত হয়েছেন ৫৪৫ জন এবং নিহত হয়েছেন ৯ জন। বিএনপি-এনসিপির মধ্যে ৪৭টি সংঘর্ষে আহত হয়েছেন ৩২০ জন, আওয়ামী লীগ-এনসিপির মধ্যে ৫টি সংঘর্ষের ঘটনায় আহত ৫৮ জন, আওয়ামী লীগ-জামায়াতের মধ্যে ২টি সংঘর্ষের ঘটনায় ৩ জন আহত ও ১ জন নিহত, আওয়ামী লীগের অন্তর্কোন্দলের ১টি ঘটনায় ১ জন নিহত হয়েছেন এবং বিএনপি-অন্যান্য দলের মধ্যে ১২৮টি সংঘর্ষে আহত হয়েছেন ৩২০ জন। এছাড়া, অন্যান্য ছোট-বড় দলগুলোর মধ্যে সংঘটিত ৭৪টি ঘটনায় আহত হয়েছেন ৪০৫ জন এবং নিহত হয়েছেন ১১ জন। সহিংসতার ধরন বিশ্লেষণে দেখা যায়, ১ হাজার ১৩টি সহিংসতার ঘটনার ৯৩১টিই (৯১%) ঘটেছে বিএনপির অন্তর্কোন্দলে ও বিএনপির সঙ্গে অন্যান্য রাজনৈতিক দলের মধ্যে। নিহতদের রাজনৈতিক পরিচয় বিশ্লেষণে দেখা যায়, নিহত ৭৩ জনের মধ্যে বিএনপির ৪৬ (৬৩%) জন, জামায়াতের ৮ (১১%) জন ও আওয়ামী লীগের ৬ (৮%) জন, চরমপন্থী ১ জন এবং ১ জন সাধারণ নারীসহ অন্যান্য দল বা রাজনৈতিক পরিচয় অজানা ১২ জন। প্রতিবেদনে বলা হয়েছে, আধিপত্য বিস্তার, রাজনৈতিক বিরোধ, ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন, আসন্ন স্থানীয় সরকার নির্বাচনে সম্ভাব্য প্রার্থিতা ও আধিপত্য বিস্তার, বিভিন্ন দলের সমাবেশ কেন্দ্রিক সহিংসতা, প্রার্থীর সমর্থকদের মধ্যে সংঘর্ষ, হামলা, বাড়ি-ঘর, যানবাহন, ব্যবসা প্রতিষ্ঠানে ও রাজনৈতিক দলের কার্যালয় ভাঙচুর, অগ্নিসংযোগ, লুটপাট ও চাঁদাবাজি কেন্দ্রিক অধিকাংশ রাজনৈতিক ও নির্বাচনী সহিংসতার ঘটনা ঘটেছে। এর পাশাপাশি দুষ্কৃতকারীদের দ্বারা রাজনৈতিক দলগুলোর নেতা-কর্মীদের ওপর হামলার অন্তত ৮৮টি ঘটনা ঘটেছে। এ সব হামলায় কমপক্ষে ১০০ জন আহত এবং বিএনপির ৩০ জন, আওয়ামী লীগের ১১ জন, জামায়াতের ৫ জন ও অন্যান্য দলের ৬ জনসহ মোট ৫২ জন নিহত হয়েছেন। এ সময়ে রাজনৈতিক সহিংসতায় ১৫০ এর বেশি রাজনৈতিক ব্যক্তি গুলিবিদ্ধ হয়েছেন। এছাড়াও সারাদেশে আধিপত্য বিস্তার, দখলদারিত্ব, নির্বাচনি সহিংসতা, রাজনৈতিক সহিংসতা ও চাঁদাবাজি কেন্দ্রিক সহস্রাধিক বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান, দলীয় কার্যালয়ে সংঘর্ষ, হামলা, লুটপাট, ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটেছে। অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও আসন্ন স্থানীয় সরকার নির্বাচন কেন্দ্রিক সহিংসতার ঘটনায় উদ্বেগ জানিয়ে প্রতিবেদনে বলা হয়েছে, নির্বাচনকেন্দ্রিক ৪০২টি সহিংসতার ঘটনায় ২ হাজার ৬২৩ জন আহত হয়েছেন এবং নিহত হয়েছেন ১৩ জন। এছাড়া নির্বাচন-পূর্ব ও নির্বাচন-পরবর্তী সময়ে ছয় শতাধিক ব্যবসাপ্রতিষ্ঠান, বাড়িঘর ও নির্বাচনি কার্যালয়ে হামলা, ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগের ঘটনা সংঘটিত হয়েছে। সহিংসতার ধরন বিশ্লেষণে দেখা যায়, বিএনপির অভ্যন্তরীণ কোন্দলে ১২৩টি ঘটনায় ৯৪১ জন আহত এবং ৮ জন নিহত, বিএনপি-জামায়াত সংঘর্ষে ২৩৪টি ঘটনায় ১,৪৩৮ জন আহত এবং ৪ জন নিহত, বিএনপি-আওয়ামী লীগ সংঘর্ষে ৩টি ঘটনায় ৩ জন আহত ও ১ জন নিহত, বিএনপি-এনসিপি সংঘর্ষে ১৬টি ঘটনায় ১৪১ জন আহত, এবং বিএনপি-অন্যান্য দলের মধ্যে ১৭টি ঘটনায় আহত হয়েছেন ৬৩ জন। এছাড়া অন্যান্য দলের মধ্যে সংঘটিত ১০টি ঘটনায় আহত হয়েছেন ৩৮ জন। নিহতদের রাজনৈতিক পরিচয় বিশ্লেষণে দেখা যায়, মোট ১৩ জন নিহতের মধ্যে বিএনপির ৯ জন, জামায়াতের ২ জন, আওয়ামী লীগের ১ জন এবং রাজনৈতিক পরিচয় অজানা ১ জনের। রাজনৈতিক নেতাকর্মী আটক ও মামলার বিষয়ে প্রতিবেদনে বলা হয়, উল্লেখিত এ সময়ে বিভিন্ন দলের রাজনৈতিক নেতাকর্মীদের নামে ২৭০টির বেশি মামলা হয়েছে। এ সব মামলায় ৫ হাজার ৮০৯ জনের নাম উল্লেখ করে এবং ৩২ হাজার ৪৩৩ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়েছে। এ সব মামলায় ৫ হাজার ৬৪৪ আওয়ামী লীগ, বিএনপি, জামায়াতসহ বিভিন্ন দলের নেতাকর্মীকে গ্রেফতার করা হয়েছে, যেখানে আওয়ামী লীগের নেতাকর্মী ৪ হাজার ৮২৭ জন, বিএনপির নেতাকর্মী ৬০৯ জন এবং জামায়াতের ১৪৫ জন, এনসিপি ৪৩ জন, চরমপন্থি ৩৭ জন। পাশাপাশি, সন্ত্রাস, নাশকতা, পরোয়ানাভুক্ত আসামি গ্রেফতার এবং আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে নিয়মিত অভিযানে ৬৩ সহস্রাধিক ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। মব সহিংসতা ও গণপিটুনির ঘটনায় উদ্বেগ জানিয়ে প্রতিবেদনে বলা হয়, এ সময়ে সারাদেশ চুরি, ডাকাতি, ছিনতাই, বাক-বিতণ্ডা, আধিপত্য বিস্তার, ধর্মীয় অবমাননা, ধর্ষণ ও ধর্ষণ চেষ্টাসহ নানা অভিযোগে গণপিটুনি ও মব সহিংসতার ৩৯৮টি ঘটনায় নিহত হয়েছেন ১৮৭ জন এবং আহত হয়েছেন ৪০১ জন। সাংবাদিক নির্যাতনের ঘটনার তথ্য উল্লেখ করে বলা হয়েছে, গত নয় মাসে ২৮৮টি ঘটনায় ৫১৮ জন সাংবাদিক নির্যাতন ও হয়রানির শিকার হয়েছেন। এ সব ঘটনায় আহত হয়েছেন ২৯৭ জন, লাঞ্ছনার শিকার হয়েছেন ৮৭ জন, হুমকির সম্মুখীন হয়েছেন ৭৭ জন সাংবাদিক। ২০ জন সাংবাদিককে আটক করা হয়েছে। এছাড়া সাইবার নিরাপত্তা আইন-২০২৬ এর অধীনে ৫১ জন সাংবাদিককে আসামি করে ১৯টি মামলা হয়েছে।

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ বুধবার ॥ ২১ অক্টোবর ২০২৬ ॥ ০৫ কার্তিক ১৪৩৩

মক্কা-মদিনা ছাড়া সৌদির আকাশসীমাকে অনিরাপদ ঘোষণা হুতিদের

কীর্তনখোলা ডেস্ক

সৌদি আরবের মক্কা ও মদিনা ছাড়া বাকি আকাশসীমাকে অনিরাপদ ঘোষণা করেছে ইয়েমেনের হুতি বিদ্রোহীরা। একই সঙ্গে দেশটির তেল স্থাপনাগুলো থেকে কর্মী ও সাধারণ নাগরিকদের দূরে থাকার সতর্কবার্তা দিয়েছে গোষ্ঠীটি। হুতিদের ৩ এর পাতায় দেখুন

বিশ্ববাজারে জ্বালানি তেলের দাম পাঁচ মাসের মধ্যে সর্বোচ্চ

কীর্তনখোলা ডেস্ক

বিশ্ববাজারে ব্রেন্ট ক্রুড অয়েলের দাম গত পাঁচ মাসের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। মঙ্গলবার (২০ অক্টোবর) প্রতি ব্যারেল তেলের দাম ১১১ ডলার ছাড়িয়েছে। উপসাগরীয় অঞ্চলে জাহাজে হামলার খবর এবং রাশিয়া-ইউক্রেনের ৩ এর পাতায় দেখুন

ঢাকা-বরিশাল মহাসড়কের পাশে ময়লার ভাগাড়, দুর্গন্ধে অতিষ্ট এলাকাবাসী

গৌরনদী প্রতিনিধি

ডাম্পিং স্টেশন না থাকায় ঢাকা-বরিশাল মহাসড়কের পাশের দুই স্থানে ময়লার ভাগাড় বানিয়েছে গৌরনদী পৌরসভা কর্তৃপক্ষ। প্রতিদিন ভ্যান ও ট্রাকবোঝাই করে ময়লা এনে ফেলা হচ্ছে ভাগাড়ে। ফলে দুর্গন্ধ, মশা-মাছির উপদ্রবে এলাকাবাসী অতিষ্ঠ হয়ে পড়েছে। সরেজমিন দেখা গেছে, গৌরনদী উপজেলার নীলখোলা ব্রিজের ঢালে এবং কসবা হজরত মল্লিক দূত কুমার (র.) মাজারের দক্ষিণ দিকে ঢাকা-বরিশাল মহাসড়কের পাশে প্রতিদিন পৌর এলাকার ময়লার স্তূপ জমা করে ভাগাড়ে পরিণত করা হয়েছে। মহাসড়কের পার্শ্ববর্তী টরকী নীলখোলা এলাকার বাসিন্দা রানা দেওয়ান ক্ষোভ প্রকাশ করে বলেন, ‘দীর্ঘদিন ধরে পৌর এলাকার যত ময়লা-আবর্জনা রয়েছে তা এনে আমাদের বাড়ির পার্শ্ববর্তী মহাসড়কের পাশে স্তূপ করা হচ্ছে। পলিথিন আর আবর্জনায় ময়লার ফেলার স্থান ভাগাড়ে পরিণত হয়েছে। দুর্গন্ধে স্থানীয়দের বাসাবাড়িতে থাকা কঠিন ৩ এর পাতায় দেখুন

মেঘনায় ২০ জেলে আটক বিপুল পরিমাণ জাল জব্দ

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

মা ইলিশ সংরক্ষণে মেঘনা নদী ও এর বিভিন্ন শাখা নদীতে অভিযান চালিয়ে নিষিদ্ধ সময়ে মাছ শিকারের দায়ে ২০ জন জেলেকে আটক করেছে নৌ পুলিশ। এ সময় তাঁদের ব্যবহৃত চারটি নৌকা, ১৯ হাজার ৫০০ মিটার অবৈধ কারেন্ট জাল এবং ৮ কেজি ইলিশ মাছ জব্দ করা হয়। পাশাপাশি নদী থেকে প্রায় ৫১ লাখ ৪০ হাজার মিটার পরিত্যক্ত কারেন্ট জাল উদ্ধার করা হয়েছে। মঙ্গলবার (২০ অক্টোবর) সকাল সাড়ে ৯টা থেকে বরিশাল অঞ্চলের নৌ পুলিশের জ্যেষ্ঠ সহকারী পুলিশ সুপার মো. ইমরান হোসেন মোল্লার প্রত্যক্ষ ৩ এর পাতায় দেখুন

২৯ অক্টোবর এইচএসসির ফল প্রকাশের সম্ভাবনা

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ২৯ অক্টোবর প্রকাশের সম্ভাবনা রয়েছে। তবে বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি আগামী ২৫ থেকে ২৯ অক্টোবরের মধ্যে ফল প্রকাশের প্রস্তাব করেছে। শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক চীন সফর শেষে দেশে ফিরলে ফল প্রকাশের তারিখ চূড়ান্ত করা হবে বলে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন। সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতে, প্রস্তাবিত সময়ের মধ্যেই ফল প্রকাশ করা হবে। তবে ২৯ অক্টোবর ফল প্রকাশের সম্ভাবনাই বেশি। বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান জানান, শিক্ষা মন্ত্রণালয়ের কাছে আগামী ২৫ থেকে ২৯ নভেম্বরের মধ্যে ফল প্রকাশের প্রস্তাব করা হয়েছে। এ বছর ২ জুলাই সারাদেশে একযোগে ৯টি সাধারণ শিক্ষা বোর্ড, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। পরীক্ষা ৮ আগস্ট শেষ হওয়ার কথা থাকলেও বন্যার কারণে চট্টগ্রামসহ কয়েকটি বোর্ডের পরীক্ষা শেষ করতে আরও সময় লাগে। ৩ এর পাতায় দেখুন

মুয়াজ্জিন আবশ্যক

বরিশাল আমানতগঞ্জ পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদের জন্য একজন দাখিল পাশ, ক্বারি, সুকণ্ঠী ও অভিজ্ঞ মুয়াজ্জিম আবশ্যক। আগ্রহী প্রার্থীদের ২৬/১০/২০২৬ ইং তারিখ রোজ সোমবার বিকেল ৪ঘটিকায় আবেদন, জীবনবৃত্তান্ত, এনআইডি ও শিক্ষাগত যোগ্যতার সনদ ও ছবিসহ স্বশরীরে উপস্থিত থাকার অনুরোধ করা হলো।

নিবেদক মসজিদ কমিটি,
পাওয়ার হাউজ সংলগ্ন জামে মসজিদ
আমানতগঞ্জ , বরিশাল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত
ইসলাম ও প্রচলিত শিক্ষার অপূর্ব সমন্বয়
লুৎফুর রহমান আলিম (ক্যাডেট) মাদরাসা
লুৎফুর রহমান সড়ক, নতুল্লাবাদ, বরিশাল।
EIIN: 137732
Code: 20830
আবাসিক অনাবাসিক ডে-কেয়ার
দাখিলে A+ প্রাপ্তদের জন্য আকর্ষণীয় সুযোগ-সুবিধা রয়েছে।
২০২৬ শিক্ষাবর্ষে আলিম শ্রেণিতে বালক-বালিকা পৃথক শাখায় ভর্তি চলছে
যোগাযোগ: ০১৭১২-৯৫১৪২২, ০১৭১১৮৮৭১৪৮, ০১৭১১-৭৩২২৫৭, ০১৭১৫৪৫২১১৪

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি
নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

বরিশালে ডেঙ্গুতে দুই নারীর মৃত্যু, নতুন আক্রান্ত ১৯১

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে নতুন করে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে দুই নারীর মৃত্যু হয়েছে। একই সময়ে বিভাগের বিভিন্ন হাসপাতালে নতুন করে ১৯১ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। মঙ্গলবার (২০ অক্টোবর) বিকেলে এ তথ্য নিশ্চিত করেছেন বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. মো. রেফায়েতুল হায়দার। মৃত দুজনই ঝালকাঠি জেলার বাসিন্দা। তাদের মধ্যে রাশিদা বেগম (৬২) জেলার নলছিটি উপজেলার ভৈরবপাশা গ্রামের বাসিন্দা। অপরজন রেক্সনা (৪৫), তিনি রাজাপুর উপজেলার বাসিন্দা। বিভাগীয় স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের শুরু থেকে এখন পর্যন্ত বরিশাল বিভাগের ছয় জেলার বিভিন্ন হাসপাতালে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ভর্তি হয়েছেন ১৫ হাজার ৩ এর পাতায় দেখুন

উন্নয়ন কাজে বিএনপি নেতার বাধা প্রতিবাদে ব্যবসায়ীদের মানববন্ধন

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে ঐতিহ্যবাহী ‘কালাইয়া বন্দর সরকারি বড় পুকুর’ পাড় সংস্কার ও সৌন্দয্য বর্ধণ প্রকল্পের কাজে বাঁধা দেওয়ার অভিযোগ উঠেছে সালাম খান ওরফে ব্যারিষ্টার সালাম নামে এক বিএনপি নেতার বিরুদ্ধে । সরকারি খাস জমি নিজের দাবি করে উন্নয়ন কাজে বাঁধা দেওয়ার প্রতিবাদ ও উন্নয়ন কাজ শুরু করার দাবি জানিয়ে মঙ্গলবার (২০ অক্টোবর) বড় পুকুরের উত্তর পাড়ের সড়কে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল কর্মসূচি পালন করেছেন বন্দরের শতাধিক ব্যবসায়ী। ওই বিএনপি নেতা ব্যারিষ্টার সালাম কালাইয়া ইউনিয়ন বিএনপির সদস্য পদে রয়েছেন। উন্নয়ন প্রকল্প সূত্রে জানা যায়, সম্প্রতি কালাইয়া বন্দরের সরকারি বড় পুকুরের পশ্চিম পাড় সংস্কার ও সৌন্দয্য বর্ধণের জন্য পূবালী ব্যাংকের সামাজিক দায়বদ্ধা ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় পূজামণ্ডপ পরিদর্শনে গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রীর

ভাণ্ডারিয়া প্রতিনিধি

সারা দেশে চলমান হিন্দুধর্মাবলম্বীদের বছরের সর্ববৃহৎ ধর্মীয় উৎসব দুর্গা পূজায় মহানবমী পূজার দিন মঙ্গলবার বিকালে পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলা কেন্দ্রীয় মদন মোহন জিউ মন্দির পরিদর্শন করেন বর্তমান সরকারের গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মেদ সোহেল মনজুর (সুমন) এমপি। এসময় মন্দির কমিটির পক্ষ থেকে কমিটির সভাপতি সঞ্জয় দেবনাথ, ভাস্কর সাহা, উপদেষ্টা দিপঙ্কর দাসসহ অন্যান্য নেতৃবৃন্দ প্রতিমন্ত্রীকে ফুলের শুভেচ্ছা জানানো হয়। এসময় মন্ত্রীর সাথে ছিলেন ভাণ্ডারিয়া উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো.হাসিবুল হাসান, ভাণ্ডারিয়া থানার ৩ এর পাতায় দেখুন

খায়রাবাদ নদীর ভাঙনে বিলীন বসতবাড়ি

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া ইউনিয়নে খায়রাবাদ নদীর তীব্র ভাঙনে দিশেহারা হয়ে পড়েছেন নদীপাড়ের হাজারও মানুষ। গত এক সপ্তাহের বেপরোয়া ভাঙনে ইতোমধ্যে ভরতকাঠি গ্রামের শতাধিক পরিবারের বসতভিটা ও ইউনিয়নের প্রধান সড়কটি নদীগর্ভে বিলীন হয়ে গেছে। সড়ক তলিয়ে যাওয়ায় এলাকার যোগাযোগব্যবস্থা পুরোপুরি বিচ্ছিন্ন হয়ে পড়েছে। স্থানীয় বাসিন্দারা জানান, সড়কটি নদীতে বিলীন হওয়ায় ভরতকাঠি ও আশপাশের গ্রামের হাজারো মানুষ গৃহবন্দী হয়ে পড়েছেন। সড়ক যোগাযোগ ৩ এর পাতায় দেখুন



অধ্যাপক ডা. এন.সি.দে রবীন
এমবিবিএস(ঢাকা)ডি.ও(ডিএমসি)
এমডিপি(ইউএসএ) ট্রেইন্ড ইন
অরবিস(আমেরিকা)বেইজিং(চীন)
এনআইও(ঢাকা)ফ্যাকো ও গ্লোকোমা
ফেলো,জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউড, ঢাকা
ও.এস.বি ন্যাশনাল কনফারেন্স ও শেবাচি সেবা পদকপ্রাপ্ত
মাথা ব্যথা, গ্লোকোমা, ফ্যাকো সার্জন ও চক্ষু বিশেষজ্ঞ
বিভাগীয় প্রধান:
শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল (এক্স) বরিশাল
সাউথ এ্যাপোলো মেডিকেল কলেজ ও হাসপাতাল বরিশাল
বরিশাল চেম্বার: মেঘা ডায়াগনস্টিক ল্যাব
৪০ সদর রোড (হোটেল আলী ইটাঃ এর বিপরীতে) বরিশাল | সিরিয়ালের জন্যঃ ০১৭৪৩৬৩২০৮৮, ০১৭১৫৮৬৩৭৬৭

কাউখালীতে টেইলার্স ব্যবসায়ীর মরদেহ উদ্ধার

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে স্বপন দেবনাথ (৪৬) নামে এক টেইলার্স ব্যবসায়ীর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। মঙ্গলবার (২০ অক্টোবর) দুপুরের দিকে উপজেলা সদরের কেন্দ্রীয় শ্মশানঘাট এলাকার একটি গাছ থেকে তার মরদেহ উদ্ধার করা হয়। নিহত স্বপন দেবনাথ উপজেলা সদরের কাপুরিয়াপট্টি এলাকার ‘শ্রুতি টেইলার্স’-এর মালিক ছিলেন। তিনি দীর্ঘদিন ধরে কাউখালীতে ভাড়া বাসায় বসবাস করতেন। তার গ্রামের বাড়ি পার্শ্ববর্তী কাঁঠালিয়া উপজেলার আমুয়া গ্রামে। জানা গেছে, মঙ্গলবার দুপুরে কেন্দ্রীয় শ্মশানঘাট এলাকায় একটি গাছের সঙ্গে গলায় রশি প্যাঁচানো অবস্থায় স্বপনের মরদেহ দেখতে পান এলাকাবাসী। পরে তারা কাউখালী থানা পুলিশকে খবর দেন। খবর পেয়ে পুলিশ মরদেহ উদ্ধার করে প্রথমে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যায়। পরে সেখান থেকে মরদেহ কাউখালী থানায় নেওয়া হয়। স্থানীয় সূত্রের দাবি, পারিবারিক বিভিন্ন বিষয় নিয়ে ৩ এর পাতায় দেখুন

যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভায় উপস্থিত নেতৃবৃন্দ -কীর্তনখোলা

দোকানে মিলছে এনআইডি সার্ভারের আইডি-পাসওয়ার্ড কঠোর হচ্ছে ইসি

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় পরিচয়পত্র (এনআইডি) ডাটাবেজের গোপনীয়তা ও সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে কঠোর হচ্ছে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচন কমিশনের এনআইডি সংক্রান্ত অভ্যন্তরীণ সার্ভারের ইউজার আইডি ও পাসওয়ার্ড অন্য কারো সঙ্গে শেয়ার করা হলে বা সুরক্ষায় কোনো অবহেলা দেখা গেলে সংশ্লিষ্ট কর্মকর্তাকেই সরাসরি কঠিন শাস্তির আওতায় আনার হুঁশিয়ারি দেওয়া হয়েছে। ইসির মাঠপর্যায় থেকে শুরু করে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের গোপন লগইন তথ্য অসদুপায়ে অন্যের হাতে ৩ এর পাতায় দেখুন

পূজা দেখে ফেরার পথে ট্রলারডুবি মা ও নিখোঁজ মেয়ে নিহত

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের নাজিরপুর ও নেছারাবাদ উপজেলার সীমান্তবর্তী শ্রীরামকাঠী-ভরতকাঠি ফেরিঘাট এলাকায় অতিরিক্ত যাত্রী বহনের কারণে একটি ট্রলারডুবির ঘটনা ঘটেছে। সোমবার (১৯ অক্টোবর) রাত ৯টার দিকে এ ঘটনা ঘটে। দুর্ঘটনায় এক মা ও মেয়ে নিখোঁজ হলে ফায়ার সার্ভিসের ডুবরি দলের সহায়তায় রাত ১১টা ১০ মিনিটের দিকে মেয়ের মরদেহ উদ্ধার করা হয়। এ ঘটনায় নিখোঁজ রয়েছেন নেছারাবাদ উপজেলার গুয়ারেখা ইউনিয়নের ভরতকাঠি গ্রামের সংকর বেপারীর স্ত্রী রিনা বেপারী (৩৫)। তার ৮ বছরের মেয়ে অর্পিতা বেপারীর মরদেহ উদ্ধার করা হয়েছে। স্থানীয় সূত্রে জানা যায়, পেশায় ঢাকার এক প্রতিষ্ঠানের সিকিউরিটি গার্ড সংকর বেপারী দুর্গাপূজার ছুটিতে পরিবার নিয়ে ভরতকাঠীর গ্রামের বাড়িতে আসেন। সোমবার রাতে শ্রীরামকাঠী এলাকা থেকে পূজা দেখে ট্রলারযোগে সপরিবারে বাড়ি ফিরছিলেন তারা। রাত ৯টার দিকে ৫০ জনেরও বেশি যাত্রী ও ৬টি মোটরসাইকেল নিয়ে ট্রলারটি নাজিরপুরের শ্রীরামকাঠী প্রান্ত থেকে ভরতকাঠি ফেরিঘাটের উদ্দেশে ছাড়ার ৩ এর পাতায় দেখুন

অপহরণের ৬ মাস পর উদ্ধার স্কুলছাত্রী, গ্রেফতার দুই

মুলাদী প্রতিনিধি

বরিশালের মুলাদীতে অষ্টম শ্রেণিতে পড়ুয়া এক ছাত্রীকে অপহরণের ৬ মাস পর দুই আসামিকে গ্রেফতার করেছে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি)-১১। সোমবার সন্ধ্যায় নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ এলাকা থেকে তাঁদের গ্রেফতার করা হয়। এ সময় অপহৃত কিশোরীকেও উদ্ধার করা হয়েছে। গ্রেফতার ব্যক্তিরা হলেন মুলাদী উপজেলার বাটামারা ইউনিয়নের মো. আসলাম ভূঁইয়া (৩০) ও মো. সজিব (২০)। মামলার এজাহার সূত্রে জানা গেছে, গত ২১ এপ্রিল সন্ধ্যায় ওই স্কুলছাত্রীর বাড়ির সামনের রাস্তা থেকে তাকে অপহরণ করা হয়। বিয়ের প্রলোভন দেখিয়ে ও ফুসলিয়ে ইচ্ছার বিরুদ্ধে তাকে তুলে নেওয়ার অভিযোগ করা হয়েছে। এজাহারে বলা হয়, স্থানীয় একটি মাধ্যমিক বিদ্যালয়ে যাতায়াতের পথে আসলাম ভূঁইয়া দীর্ঘদিন ধরে ওই কিশোরীকে কুপ্রস্তাব দিয়ে উত্ত্যক্ত করতেন। এ নিয়ে পরিবার থেকে নিষেধ করা হলেও তিনি তা মানেননি। অপহরণের দিন আসলাম আগে থেকে ওত পেতে ছিলেন ৩ এর পাতায় দেখুন

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com